আল কুরআন
অনন্ত করুণাময় পরম দয়ালু আল্লাহর নামে আরম্ভ করছি
যারা বলে, হে আমাদের পালনকর্তা, আমরা ঈমান এনেছি, কাজেই আমাদের গোনাহ মাফ করে দাও আর আমাদেরকে দোযখের আযাব থেকে রক্ষা কর।
সূরা আল ইমরান- ১৬

দৈনিক
কীর্তনখোলা
আত্মপ্রত্যয়ী প্রতিদিন

বরিশাল ॥ বুধবার ॥ ১৮ ফেব্রুয়ারি ২০২৬ ॥ ২৯ শাবান ১৪৪৭ ॥ ০৫ ফাল্গুন ১৪৩২ ॥ ৯ম বর্ষ ॥ ২৭৭ সংখ্যা ॥ ৪ পৃষ্ঠা ॥ ৫ টাকা

নতুন আঙ্গীকে, অত্যাধুনিক প্রযুক্তিতে
বিশ্বমানের সিমেন্ট
এ্যাঙ্কর সিমেন্ট
স্থায়ীত্বের মজবুত নোঙ্গর

সেবা : ০১৯১০০৬৬৬৫৫, ০১৭১১৩২৭৭০৫

গণভোটের ফল বাতিল চেয়ে হাইকোর্টে রিট

কীর্তনখোলা ডেস্ক
গত ১২ ফেব্রুয়ারি অনুষ্ঠিত গণভোটের বৈধতা চ্যালেঞ্জ ও ১৩ ফেব্রুয়ারি ঘোষিত গণভোটের ফল বাতিল চেয়ে হাইকোর্টে ২ এর পাতায় দেখুন

শুল্কমুক্ত গাড়ি-সরকারি প্লট নেবেন না বিএনপির এমপিরা

কীর্তনখোলা ডেস্ক
শুল্কমুক্ত সুবিধায় গাড়ি এবং সরকারি প্লট নেবেন না বলে জানিয়েছেন ত্রয়োদশ জাতীয় সংসদ নির্বাচনে বিজয়ী বিএনপির নবনির্বাচিত ২ এর পাতায় দেখুন



রমজানে নিত্যপণ্যের দাম নিয়ন্ত্রণে রাখার আহ্বান জামায়াত আমিরের

কীর্তনখোলা ডেস্ক
মাহে রমাদানে নিত্যপ্রয়োজনীয় সব পণ্যের দাম সাধারণ মানুষের ক্রয়ক্ষমতার মধ্যে রাখার আহ্বান জানিয়েছেন ২ এর পাতায় দেখুন

সংরক্ষিত আসনে নির্বাচন: রোজার মধ্যে তফসিল ঘোষণার প্রস্তুতি ইসির

কীর্তনখোলা ডেস্ক
জাতীয় সংসদের সংরক্ষিত মহিলা আসনে নির্বাচনের প্রস্তুতি নিতে শুরু করেছে নির্বাচন কমিশন (ইসি)। এই নির্বাচন ২ এর পাতায় দেখুন

প্রধানমন্ত্রী তারেক রহমানের নেতৃত্বে নতুন সরকারের যাত্রা শুরু

কীর্তনখোলা ডেস্ক
বিএনপির চেয়ারম্যান তারেক রহমান প্রধানমন্ত্রী হিসেবে শপথ নিয়েছেন। তাঁর শপথের পর প্রথমে নতুন সরকারের মন্ত্রী এবং পরে প্রতিমন্ত্রীরা শপথ গ্রহণ করেন। জাতীয় সংসদ ভবনের দক্ষিণ প্লাজায় রাষ্ট্রপতি মো. সাহাবুদ্দিন তাঁদের শপথ পড়ান। এর মধ্য দিয়ে প্রধানমন্ত্রী তারেক রহমানের নেতৃত্বে নতুন সরকারের যাত্রা শুরু হলো। একই সঙ্গে প্রায় দুই যুগ পর বিএনপির নেতৃত্বাধীন সরকারের যাত্রা শুরু হলো। গত বৃহস্পতিবার অনুষ্ঠিত জাতীয় নির্বাচনে বিএনপি ২০৯ আসনে জয়ী হয়। বিএনপি জোটের শরিকেরা ৩টি আসন পায়। বাংলাদেশের ইতিহাসের দীর্ঘ ঐতিহ্য ভেঙে নতুন সরকারের শপথ গ্রহণ অনুষ্ঠান রাষ্ট্রপতি বঙ্গভবনের পরিবর্তে জাতীয় সংসদ ভবন কমপ্লেক্সের দক্ষিণ প্লাজায় অনুষ্ঠিত হয়। কূটনৈতিক সূত্র জানিয়েছে, চীন, ভারত, পাকিস্তান, সৌদি আরব, তুরস্ক, সংযুক্ত আরব আমিরাত, কাতার, মালয়েশিয়া, ব্রুনাই, শ্রীলঙ্কা, নেপাল, মালদ্বীপ এবং ভুটানসহ ১৩টি দেশের বিশ্বনেতাদের শপথ গ্রহণ অনুষ্ঠানে যোগদানের জন্য আমন্ত্রণ জানানো হয়েছে। আমন্ত্রিত অতিথিদের মধ্যে ভারতের লোকসভার স্পিকার ওম বিড়লা নয়াদিল্লির প্রতিনিধিত্ব করেছেন। এ ছাড়াও বাংলাদেশ সংসদ কমপ্লেক্সের জমকালো দক্ষিণ প্লাজায় উপস্থিত অতিথিদের মধ্যে ছিলেন বিদায়ী অন্তর্বর্তী সরকারের প্রধান উপদেষ্টা অধ্যাপক মুহাম্মদ ইউনূস এবং উপদেষ্টা পরিষদের সদস্যরা, প্রধান বিচারপতি জুবায়ের রহমান চৌধুরী, প্রধান নির্বাচন কমিশনার, সুপ্রিম কোর্টের বিচারপতি, সংসদ সদস্য, রাজনৈতিক নেতা, তিন বাহিনীর প্রধান, কূটনৈতিক কোরের সদস্য, জ্যেষ্ঠ সাংবাদিক এবং উচ্চপদস্থ বেসামরিক ও সামরিক কর্মকর্তারা। অনুষ্ঠানে তারেক রহমানের স্ত্রী জুবাইদা রহমান এবং তাঁদের মেয়ে জাইমা রহমান এবং পরিবারের অন্যান্য সদস্যরা উপস্থিত ছিলেন। সাদা জামা ও কোট-প্যান্ট পরিহিত তারেক রহমানকে এ সময় অত্যন্ত আত্মবিশ্বাসী এবং প্রাণবন্ত দেখাচ্ছিল। তিনি স্ত্রী জুবাইদা রহমান ও মেয়ে জাইমা রহমানকে সঙ্গে নিয়ে বিকেল ৩টা ৫৮ মিনিটে শপথগ্রহণ অনুষ্ঠানে প্রবেশ করলে দাঁড়িয়ে করতালি দিয়ে অভ্যর্থনা জানানো হয়। এর কয়েক মিনিট পরে রাষ্ট্রপতি মো. সাহাবুদ্দিন বিকেল ৪টা ৪ মিনিটে প্রধানমন্ত্রীর শপথগ্রহণ অনুষ্ঠানস্থলে প্রবেশ করেন। পবিত্র কোরআন তেলাওয়াতের মাধ্যমে অনুষ্ঠান শুরু হয়। এরপর প্রথমে তারেক রহমান প্রধানমন্ত্রী হিসেবে শপথগ্রহণ করেন। বাসস জানায়, পূর্ণমন্ত্রী হিসেবে শপথ নেন মির্জা ফখরুল ইসলাম আলমগীর, আমীর খসরু মাহমুদ চৌধুরী, সালাহউদ্দিন আহমদ, ইকবাল হাসান মাহমুদ (টুকু), মেজর (অব.) হাফিজ উদ্দিন আহমদ বীর বিক্রম, এ জেড এম জাহিদ হোসেন, খলিলুর রহমান (টেকনোক্র্যাট), আবদুল আউয়াল মিন্টু, কাজী শাহ মোফাজ্জল হোসেন কায়কোবাদ, মিজানুর রহমান মিনু, নিতাই রায় চৌধুরী, খন্দকার আবদুল মুক্তাদীর ২ এর পাতায় দেখুন

বিরোধী দলীয় নেতা শফিকুর উপনেতা তাহের, চিফ হুইপ নাহিদ

কীর্তনখোলা ডেস্ক
ত্রয়োদশ জাতীয় সংসদে বিরোধী দলীয় নেতা নির্বাচিত হয়েছেন বাংলাদেশ জামায়াতে ইসলামীর আমির ডা. শফিকুর রহমান। এছাড়া বিরোধী দলীয় উপনেতা হয়েছেন দলটির নায়েবে আমির ডা. সৈয়দ আব্দুল্লাহ মোহাম্মদ তাহের। আর চিফ হুইপ হিসেবে মনোনীত হয়েছেন জাতীয় নাগরিক পার্টির (এনসিপি) আহ্বায়ক নাহিদ ইসলাম। মঙ্গলবার (১৭ ফেব্রুয়ারি) জাতীয় সংসদ ভবনে ১১ দলীয় নির্বাচনী ঐক্যের নবনির্বাচিত সংসদ সদস্যদের শপথ গ্রহণ শেষে অনুষ্ঠিত সংসদীয় দলের সভায় এ সিদ্ধান্ত নেওয়া হয়েছে। বৈঠকে অংশ নেওয়া গাইবান্ধা-২ আসনের নবনির্বাচিত সংসদ সদস্য ও গাইবান্ধা জেলা জামায়াতের আমির মো. আব্দুল করিম বিষয়টি নিশ্চিত করেছেন। দলীয় ২ এর পাতায় দেখুন

বরিশাল বিভাগে ৫ মন্ত্রী-প্রতিমন্ত্রী

বীর বিক্রম হাফিজ পেলেন মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ের দায়িত্ব

কীর্তনখোলা রিপোর্ট
মুক্তিযুদ্ধের অকুতোভয় বীর এবং ভোলা-৩ আসন থেকে সপ্তমবারের মতো সংসদ সদস্য হিসেবে শপথ গ্রহণ করা মেজর (অব.) হাফিজ উদ্দিন আহমেদ বীর বিক্রম পেয়েছেন মুক্তিযোদ্ধাদের কল্যানে মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ের মন্ত্রীর দায়িত্ব। মঙ্গলবার (১৭ ফেব্রুয়ারি) বিকেলে সংসদ ভবনের ২ এর পাতায় দেখুন

তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়ের দায়িত্বে জহির উদ্দিন স্বপন

কীর্তনখোলা রিপোর্ট
সকল জল্পনা-কল্পনার অবসান ঘটিয়ে বরিশাল-১ (গৌরনদী ও আগৈলঝাড়া) নির্বাচনী এলাকায় মন্ত্রীবিহীন তিন যুগের অবসান হয়েছে। গতকাল মঙ্গলবার বিকেলে তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়ের মন্ত্রী হিসেবে শপথ গ্রহণ করেছেন এ আসন থেকে তৃতীয়বারের মতো বিএনপির মনোনয়ন নিয়ে ধানের শীষ প্রতীকে ২ এর পাতায় দেখুন

ছাত্রদল সভাপতি থেকে প্রতিমন্ত্রী রাজীব

কীর্তনখোলা রিপোর্ট
বরিশালের দুর্গম এলাকা হিজলা ও মেহেন্দিগঞ্জ। এই দুটি উপজেলা নিয়ে গঠিত বরিশাল-সংসদীয় আসন। এখান থেকেই রাজনীতির হাতেখড়ি নিয়ে হয়েছিলেন ছাত্রদলের কেন্দ্রীয় সভাপতি। বর্তমানে স্বেচ্ছাসেবক দলের নেতৃত্ব দিচ্ছেন। এবারই প্রথমবারের মতো বিএনপির মনোনয়ন পেয়ে ৫৩ হাজার ৬৩৮ ভোটের ২ এর পাতায় দেখুন

প্রথমবার এমপি হয়েই প্রতিমন্ত্রী হলেন সোহেল মনজুর

পিরোজপুর প্রতিনিধি
গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়ের প্রতিমন্ত্রী পদে দায়িত্ব পেয়েছেন আহম্মদ সোহেল মনজুর সুমন। তিনি ত্রয়োদশ জাতীয় সংসদ নির্বাচনে বাংলাদেশ জাতীয়তাবাদী দল (বিএনপি) থেকে পিরোজপুর-২ আসনে নির্বাচিত সংসদ সদস্য। প্রতিমন্ত্রী হিসেবে তার দায়িত্ব পাওয়ার খবর ছড়িয়ে পড়তেই পিরোজপুরজুড়ে বইছে আনন্দের জোয়ার। ২ এর পাতায় দেখুন

প্রতিমন্ত্রী হিসেবে দুই মন্ত্রণালয়ের দায়িত্ব পেলেন ভিপি নুর

কীর্তনখোলা রিপোর্ট
বিএনপি সরকারের মন্ত্রিসভায় প্রতিমন্ত্রী হিসেবে শপথ গ্রহণ করেছেন গণঅধিকার পরিষদের সভাপতি ডাকসুর সাবেক ভিপি ও পটুয়াখালী-৩ আসন থেকে নবনির্বাচিত সংসদ সদস্য নুরুল হক নুর। তিনি শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয় এবং প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়ের প্রতিমন্ত্রী হিসেবে দায়িত্ব পেয়েছেন। ২ এর পাতায় দেখুন

নতুন মন্ত্রিসভায় কে পাচ্ছেন কোন মন্ত্রণালয়

কীর্তনখোলা ডেস্ক
জাতীয় সংসদের দক্ষিণ প্লাজায় মন্ত্রী ও প্রতিমন্ত্রী হিসেবে শপথ নিয়েছেন ৪৯ জন। তাদের শপথবাক্য পাঠ করান রাষ্ট্রপতি মো. সাহাবুদ্দিন। ঘোষিত মন্ত্রী ও প্রতিমন্ত্রীদের মধ্যে তিনজন টেকনোক্র্যাট কোটায় জায়গা পেয়েছেন। কে কোন মন্ত্রণালয় পাচ্ছেন তা নিয়ে চলছে জল্পনা। বিএনপির দেওয়া তালিকায় দেখা গেছে, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়ের দায়িত্ব পাচ্ছেন মির্জা ফখরুল ইসলাম আলমগীর। অর্থ ও পরিকল্পনা মন্ত্রণালয়ের দায়িত্ব যাচ্ছে আমির খসরু মাহমুদ চৌধুরীর হাতে। স্বরাষ্ট্র মন্ত্রণালয় দেওয়া হবে বিএনপির সালাহউদ্দিন আহমদকে। ইকবাল হাসান মাহমুদ টুকু পাচ্ছেন বিদ্যুৎ, জ্বালানী ও খনিজ সম্পদ মন্ত্রণালয়। হাফিজ উদ্দিন আহমেদকে দেওয়া হচ্ছে মুক্তিযুদ্ধ বিষয়ক ২ এর পাতায় দেখুন

তিন সরকারের শপথ পড়িয়ে ইতিহাস গড়লেন রাষ্ট্রপতি সাহাবুদ্দিন

কীর্তনখোলা ডেস্ক
বাংলাদেশের রাজনৈতিক ইতিহাসে বর্তমান রাষ্ট্রপতি মোহাম্মদ সাহাবুদ্দিন এক অনন্য দৃষ্টান্ত স্থাপন করেছেন। মাত্র তিন বছরের ব্যবধানে তিনি তিনটি ভিন্ন ভিন্ন সরকারকে শপথ পড়ালেন। মঙ্গলবার (১৭ ফেব্রুয়ারি) বিকেলে জাতীয় সংসদ ভবনের দক্ষিণ প্লাজায় রাষ্ট্রপতি মোহাম্মদ সাহাবুদ্দিন নতুন প্রধানমন্ত্রী হিসেবে তারেক রহমানকে শপথবাক্য পাঠ করান। একই সঙ্গে তারেক রহমানের নেতৃত্বে তার সরকারের মন্ত্রী-প্রতিমন্ত্রীদেরও শপথ পড়ালেন তিনি। এর আগে ২০২৪ সালে শেখ হাসিনার নেতৃত্বাধীন আওয়ামী লীগ সরকারের শপথ পাঠ করান রাষ্ট্রপতি সাহাবুদ্দিন। তবে ছাত্র-জনতার অভ্যুত্থানে ২০২৪ সালের ৫ আগস্ট আওয়ামী লীগ সরকারের ২ এর পাতায় দেখুন

সাংবিধানিক জটিলতায় সংবিধান সংস্কারের শপথ নেয়নি বিএনপি

কীর্তনখোলা ডেস্ক
গণভোটে ‘হ্যাঁ’ জয়ী হলেও সংবিধানে না থাকার যুক্তিতে সংবিধান সংস্কার পরিষদের শপথ নেননি বিএনপির নির্বাচিত সংসদ সদস্যরা। যদিও গতকাল মঙ্গলবার সংসদ সদস্য ও সংবিধান সংস্কার পরিষদ উভয় শপথ নেওয়ার কথা ছিল তাঁদের। সে অনুযায়ী, সরকারের প্রস্তুতিও নেওয়া ছিল। এ পরিস্থিতিতে শপথ না নেওয়ার কথা বলেছিল বিরোধী জামায়াত ও এনসিপি জোট। এ বিষয়ে চূড়ান্ত সিদ্ধান্ত নিতে ১১ দলীয় জোট বৈঠকে বসে। পরে তাঁরা শপথ নেওয়ার সিদ্ধান্ত নেন। প্রথমে শপথ নেন জামায়াতের নির্বাচিত ৬৮ জন সংসদ সদস্য। তাঁরা সংসদ সদস্য হিসেবে শপথ নেওয়ার পর সংবিধান সংশোধন পরিষদের সদস্য হিসেবেও শপথ নেন। শপথ পড়ান প্রধান নির্বাচন ২ এর পাতায় দেখুন

সরকারি মহিলা কলেজের বসন্ত বরণ উৎসবে সংগীত ও নৃত্য পরিবেশন করেন শিক্ষার্থীরা -কীর্তনখোলা

মন্ত্রিসভার শপথে উপস্থিত দক্ষিণ এশিয়ার যেসব নেতা

কীর্তনখোলা ডেস্ক
বাংলাদেশের রাজনৈতিক পট পরিবর্তনের পর আজ এক ঐতিহাসিক মুহূর্তের সাক্ষী হতে যাচ্ছে ঢাকা। ত্রয়োদশ জাতীয় সংসদ নির্বাচনে জয়ী বিএনপি সরকারের শপথ গ্রহণ অনুষ্ঠানকে কেন্দ্র করে রাজধানীর জাতীয় সংসদ ভবনে বসেছে দক্ষিণ এশিয়ার বিভিন্ন দেশের শীর্ষ নেতা ও উচ্চপর্যায়ের প্রতিনিধিদের মিলনমেলা। কূটনৈতিক বিশ্লেষকেরা এটিকে দেখছেন তারেক রহমানের নেতৃত্বে গঠিত নতুন সরকারের প্রতি শক্তিশালী আঞ্চলিক সমর্থনের বহিঃপ্রকাশ হিসেবে। আজকের এই শপথ অনুষ্ঠানে যোগ দিতে ইতিমধ্যেই প্রতিবেশী দেশগুলোর অতিথিরা ঢাকায় পৌঁছেছেন। তাঁদের এই উপস্থিতি বাংলাদেশের আঞ্চলিক গুরুত্ব এবং নতুন সরকারের সঙ্গে ২ এর পাতায় দেখুন

মির্জা আব্বাস-রিজভী-নজরুল ইসলামসহ ১০ জনকে উপদেষ্টা নিয়োগ

কীর্তনখোলা ডেস্ক
বিএনপি নেতা মির্জা আব্বাস, রুহুল কবির রিজভী, নজরুল ইসলাম খানসহ ১০ জনকে মন্ত্রী ও প্রতিমন্ত্রী মর্যাদায় উপদেষ্টা নিয়োগ করেছেন প্রধানমন্ত্রী। প্রধানমন্ত্রী ‘রুলস অব বিজনেস, ১৯৯৬’ এর রুল৩(বি)-এ দেওয়া ক্ষমতাবলে ১০ ব্যক্তিকে মন্ত্রী ও প্রতিমন্ত্রীর পদমর্যাদায় উপদেষ্টা নিয়োগ করেছেন। মন্ত্রীর পদমর্যাদায় উপদেষ্টা নিয়োগ পেয়েছেন- মির্জা আব্বাস উদ্দিন আহমেদ, নজরুল ইসলাম খান, রুহুল কবির রিজভী আহমেদ, মো. ইসমাইল জবিউল্লাহ, ড. রাশেদ আল মাহমুদ তিতুমীর। এছাড়া প্রতিমন্ত্রীর পদমর্যাদায় উপদেষ্টা হয়েছেন হুমায়ুন কবির, ব্রিগেডিয়ার জেনারেল (অব.) শামসুল ইসলাম, ডা. জাহেদুর রহমান, ড. মাহাদি আমিন এবং রেহান আসিফ আসাদ। ত্রয়োদশ জাতীয় সংসদ নির্বাচনে দুই-তৃতীয়াংশের বেশি আসলে জয়লাভ করে মঙ্গলবার বিকেলে সরকার ২ এর পাতায় দেখুন

সম্পাদকীয়

রমজানের আগে বাড়ছে পণ্যমূল্য

পবিত্র রমজান আসন্ন। প্রতিবছরই এই সময়টাতে নিত্যপণ্য বা রোজাদারদের পছন্দের খাদ্যপণ্যগুলোর দাম অস্বাভাবিকভাবে বেড়ে যায়। এ বছরও তার ব্যতিক্রম হয়নি। সারা দিন রোজা রাখার পর ইফতারের সময় রোজাদাররা লেবুর শরবত খেতে পছন্দ করেন। এরই মধ্যে বাজারে লেবুর দাম বেড়ে গেছে কয়েক গুণ। এক মাস আগেও যে লেবুর হালি ছিল ২০ থেকে ৪০ টাকার মধ্যে, সেই একই লেবু এখন বিক্রি হচ্ছে ৭০ থেকে ১০০ টাকা দরে। একই চিত্র দেখা গিয়েছিল আগের রমজানেও। দুই সপ্তাহ আগে ৩০ থেকে ৪০ টাকায় বিক্রি হওয়া এক হালি লেবু প্রথম রোজায় বিক্রি হয়েছে ১০০ টাকার ওপরে। বেড়েছে খেজুরসহ কিছু ফলের দাম। ছোলা, পেঁয়াজ, মাছ, মাংস, শাক-সবজির দামও সপ্তাহের ব্যবধানে অনেকটা বাড়তি। এতে সবচেয়ে বেশি ভোগান্তিতে পড়েছে স্বল্প আয়ের মানুষ। বাজারসংশ্লিষ্ট ব্যক্তিরা বলছেন, রমজান এলেই নিত্যপণ্যের দাম বেড়ে যায়। আর এর প্রধান কারণ বাজারে কারো কোনো নিয়ন্ত্রণ না থাকা। প্রকাশিত প্রতিবেদন থেকে জানা যায় বিভিন্ন খুচরা বাজার ঘুরে দেখা গেছে, এক মাস আগে যেসব লেবুর হালি ২০ থেকে ৩০ টাকায় বিক্রি হয়েছিল, সেগুলো এখন ৭০ থেকে ৮০ টাকায় এবং ৪০ টাকা হালিতে বিক্রি হওয়া লেবু ১০০ টাকা পর্যন্ত বিক্রি হতে দেখা গেছে। এদিকে শবেবরাত থেকেই বাড়তে শুরু হয়েছে মাংসের দাম। মসলাজাতীয় পণ্যের দামও বাড়ছে। বর্তমানে দাম বেড়ে মানভেদে সোনালি মুরগি ৩১০ থেকে ৩৩০ টাকা কেজি পর্যন্ত বিক্রি হচ্ছে। গরুর মাংস দাম বেড়ে ৮০০ টাকা কেজি বিক্রি হচ্ছে। চাষের রুই, তেলাপিয়া, কাতল মাছের দাম কেজিতে ২০ থেকে ৩০ টাকা পর্যন্ত বেড়েছে। রমজানের দুই সপ্তাহ আগে থেকেই খেজুরের বাজারে অস্থিরতা দেখা দিয়েছে। জাতীয় রাজস্ব বোর্ড (এনবিআর) খেজুর আমদানিতে শুল্ক ৪০ শতাংশ কমালেও বাজারে দাম কমেনি, বরং কিছু জাতের খেজুরের দাম বেড়েছে। এদিকে শীতের মৌসুম শেষ হতে না হতেই বেশ কিছু সবজির দাম বেড়ে গেছে। বাজার ঘুরে দেখা গেছে, করলা ১২০ থেকে ১৪০ টাকা, ঢেঁড়স ৮০ থেকে ১২০ টাকা, কাঁচা মরিচ ১৬০ টাকা, বেগুন জাতভেদে ৬০ থেকে ১০০ টাকা এবং শসা ৮০ টাকা কেজি বিক্রি হচ্ছে। পেঁয়াজের দাম বেড়ে ৬০ টাকায় বিক্রি হচ্ছে। রমজান উপলক্ষে মুসলিমপ্রধান দেশগুলোতে পণ্যের দাম কমে। নিত্যপ্রয়োজনীয় পণ্যে ব্যাপক ছাড় দেওয়া হয়। আর আমাদের বাজারে ঘটে উল্টোটা। অনৈতিক লাভের প্রবণতা রোধে সরকারকে আরো তৎপর হতে হবে। বাজারে নজরদারি ও হস্তক্ষেপ বাড়াতে হবে।

প্রতিমন্ত্রী হিসেবে দুই মন্ত্রণালয়ের

ত্রয়োদশ জাতীয় সংসদ নির্বাচনে পটুয়াখালী-৩ আসনে বিএনপি জোটের প্রার্থী হন নুরুল হক নুর। ট্রাক প্রতীকে ৭৩ হাজার ৯৩৪টি ভোট পেয়ে তিনি নির্বাচিত হয়েছেন। তার নিকটতম প্রতিদ্বন্দ্বী হাসান মামুন স্বতন্ত্র প্রার্থী হিসেবে ঘোড়া প্রতীক নিয়ে ৪৭ হাজার ৯৫০ ভোট পেয়েছেন। এর আগে আওয়ামী লীগের শাসনামলে সরকারি চাকরিতে কোটা সংস্কার আন্দোলনের সময় আলোচনায় এসেছিল নুরুল হক নুর। সেই সময় ঢাকা বিশ্ববিদ্যালয় কেন্দ্রীয় ছাত্র সংসদ (ডাকসু)-এর নির্বাচনে ছাত্রলীগ সভাপতিকে হারিয়ে তিনি ভিপি (ভাইস প্রেসিডেন্ট) নির্বাচিত হয়েছিলেন।

প্রথমবার এমপি হয়েই

বিএনপির নিরঙ্কুশ বিজয়ের পর নতুন সরকার ও মন্ত্রিসভা গঠনকে ঘিরে দক্ষিণাঞ্চলে ব্যাপক আলোচনা চলছিল। বিশেষ করে পিরোজপুর-২ (কাউখালি, ভান্ডারিয়া, নেছারাবাদ) আসন থেকে ধানের শীষ প্রতীকে বিজয়ী এই তরুণ সংসদ সদস্যকে মন্ত্রিসভায় অন্তর্ভুক্ত করার জোর দাবি উঠেছিল স্থানীয় নেতাকর্মী ও সাধারণ মানুষের পক্ষ থেকে। উল্লেখ্য, এবারের নির্বাচনে তিনি বাংলাদেশ জামায়াতে ইসলামি মনোনীত প্রার্থী শামিম সাঈদী-কে পরাজিত করে বিজয় অর্জন করেন। তার এই বিজয়কে অবহেলিত পিরোজপুর জনপদের মানুষের জন্য নতুন সম্ভাবনার দ্বার হিসেবে দেখছেন জেলার মানুষ। দলীয় নেতাকর্মী ও সাধারণ মানুষের একটি বড় অংশ মনে করছেন, প্রতিমন্ত্রী হিসেবে দায়িত্ব পাওয়ায় পিরোজপুরের উন্নয়নে গতি আসবে। তারা বলছেন, দক্ষিণাঞ্চলের দীর্ঘদিনের অবহেলা দূর করে অবকাঠামো, শিক্ষা ও অর্থনৈতিক খাতে ইতিবাচক পরিবর্তন আনতে তিনি গুরুত্বপূর্ণ ভূমিকা রাখতে পারবেন। ১৭ ফেব্রুয়ারি নবনির্বাচিত সংসদ সদস্যদের শপথ গ্রহণের মধ্য দিয়ে নতুন সরকারের আনুষ্ঠানিক কার্যক্রম শুরু হয়। বরিশাল বিভাগ থেকে নির্বাচিত এই তরুণ সংসদ সদস্য শিক্ষাদীক্ষা, পারিবারিক ঐতিহ্য ও রাজনৈতিক পটভূমির কারণে শুরু থেকেই বিএনপির মন্ত্রিসভায় স্থান পাওয়ার আলোচনায় ছিলেন। সাবেক ছাত্রনেতা ও ব্যবসায়ী সামছুল হক দীপু বলেন, "তার পরিবারে বাবা, মা ও চাচাসহ মোট পাঁচজন মুক্তিযোদ্ধা রয়েছেন, যা বিরল ঘটনা। তিনি প্রতিমন্ত্রী হওয়ায় পিরোজপুরবাসীর প্রত্যাশা পূরণ হয়েছে।" স্বরূপকাঠি পৌর বিএনপির সভাপতি কাজী কামাল হোসেন বলেন, "তিনি সাবেক মন্ত্রী নুরুল ইসলাম মনজুর-এর ছেলে এবং একজন বীর মুক্তিযোদ্ধা পরিবারের সন্তান। তার শিক্ষাদীক্ষা ও পরিচ্ছন্ন রাজনৈতিক ভাবমূর্তির কারণেই তিনি মন্ত্রিসভায় স্থান পেয়েছেন। এতে যেমন দেশ উপকৃত হবে, তেমনি বিএনপির মন্ত্রিসভাও হয়েছে আরও কার্যকর ও শক্তিশালী।" প্রতিমন্ত্রী হিসেবে তার আনুষ্ঠানিক দায়িত্ব পালনের মধ্য দিয়ে পিরোজপুরসহ গোটা দক্ষিণাঞ্চলের উন্নয়নের নতুন দিগন্ত উন্মোচিত হবে এমনটাই প্রত্যাশা স্থানীয় জনগণের।

ছাত্রদল সভাপতি থেকে

ব্যবধানে সংসদ সদস্য নির্বাচিত হয়েছেন তিনি। বলছিলাম বরিশাল-৪ আসনে নির্বাচিত সংসদ সদস্য রাজীব আহসানের কথা। নবগঠিত মন্ত্রিপরিষদে তিনি সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়, রেলপথ মন্ত্রণালয় ও নৌ-পরিবহণ মন্ত্রণালয়ের প্রতিমন্ত্রীর দায়িত্ব পেয়েছেন। বরিশাল-৪ (হিজলা-মেহেন্দীগঞ্জ) আসনে ধানের শীষ প্রতীক নিয়ে মো. রাজিব আহসান ১ লাখ ২৮ হাজার ৩২২ ভোট পেয়েছেন। তার নিকটতম প্রতিদ্বন্দ্বী দাঁড়িপাল্লা প্রতীকের মোহাম্মদ আব্দুল জব্বার (বাংলাদেশ জামায়াতে ইসলামী) পেয়েছেন ৭৪ হাজার ৬৮৪ ভোট। ধানের শীষ প্রতীকের প্রার্থী ৫৩ হাজার ৬৩৮ ভোটের ব্যবধানে জয়ী হয়েছেন। গতকাল মঙ্গলবার জাতীয় সংসদের দক্ষিণ প্লাজায় মন্ত্রী ও প্রতিমন্ত্রী হিসেবে শপথ নিয়েছেন ৪৯ জন। তাদের শপথবাক্য পাঠ করান রাষ্ট্রপতি মো. সাহাবুদ্দিন। ঘোষিত মন্ত্রী ও প্রতিমন্ত্রীদের মধ্যে তিনজন টেকনোক্র্যাট কোটায় জায়গা পেয়েছেন। শপথগ্রহণের জন্য অনুষ্ঠানস্থলে মন্ত্রী ও প্রতিমন্ত্রীদের নাম ঘোষণা করেন মন্ত্রিপরিষদ সচিব নাসিমুল গনি। প্রথমে মন্ত্রী ও পরে প্রতিমন্ত্রীরা শপথ নেন।

তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়ের

বিপুলভোটের ব্যবধানে নির্বাচিত সংসদ সদস্য এম জহির উদ্দিন স্বপন। প্রধানমন্ত্রী তারেক রহমানের নতুন মন্ত্রীসভার গুরুত্বপূর্ণ মন্ত্রণালয়ের মন্ত্রী হিসেবে জহির উদ্দিন স্বপন শপথ গ্রহণ করার পর বরিশাল-১ আসনের সর্বত্র উৎসবের আমেজ বিরাজ করছে। এর আগে গত ১২ ফেব্রুয়ারি অনুষ্ঠিত ত্রয়োদশ জাতীয় সংসদ নির্বাচনে বরিশাল-১ আসন থেকে ধানের শীষ প্রতীক নিয়ে ১ লাখ ৫৫২ ভোট পেয়ে বিশাল ব্যবধানে বিজয়ী হয়েছেন এম জহির উদ্দিন স্বপন। তার নিকটতম প্রতিদ্বন্দ্বী বাংলাদেশ জামায়াতে ইসলামী মনোনীত দাঁড়িপাল্লা প্রতীকের প্রার্থী হাফেজ মাওলানা মো. কামরুল ইসলাম খান পেয়েছেন ৪৬ হাজার ২৬৩ ভোট। জানা গেছে, ১৯৭২ সালে তৎকালীন বাকেরগঞ্জ-১৩ আসনের (বর্তমান বরিশাল-১) আওয়ামী লীগের সংসদ সদস্য আব্দুর রব সেরনিয়াবাত মন্ত্রী হিসেবে দায়িত্ব পালন করেন। এরপর ১৯৮৬ থেকে ১৯৯০ সাল পর্যন্ত বাকেরগঞ্জ-১ (বর্তমান বরিশাল-১) আসনে এরশাদ সরকারের মন্ত্রীসভায় মন্ত্রী হিসেবে দায়িত্ব পালন করেন সুনীল গুপ্ত। এরপর এ আসনের কোন সংসদ সদস্য মন্ত্রীসভার তালিকায় স্থান পাননি। যদিও ১৯৯৬ সালে এই আসনের আওয়ামী লীগের সংসদ সদস্য আবুল হাসানাত আবদুল্লাহকে চীফ হুইপ করা হয়েছিলো এবং ২০১৮ সালে তিনি পার্বত্য চট্টগ্রাম বিষয়ক জাতীয় কমিটির আহবায়ক মনোনীত হন, যা বাংলাদেশ সরকারের মন্ত্রীর পদমর্যাদার। তবে ১৯৯১ সালের নির্বাচনের পর থেকে বরিশাল-১ আসনে কোন সংসদ সদস্যকে দপ্তরপূর্ন মন্ত্রী কিংবা প্রতিমন্ত্রীর পদে রাখা হয়নি। যে কারনে সদ্য সমাপ্ত ত্রয়োদশ জাতীয় সংসদ নির্বাচনে বরিশাল-১ আসন থেকে বিএনপি মনোনীত ধানের শীষ প্রতীক নিয়ে বিপুল ভোটে বিজয়ী তিনবারের সংসদ সদস্য জহির উদ্দিন স্বপনকে পূর্ন মন্ত্রী পদ দেওয়ার দাবি করেছিলেন দুই উপজেলার বাসিন্দারা। অবশেষে বরিশাল-১ আসনের সর্বস্তরের মানুষের সেই দাবি পূরণ হয়েছে। এ ব্যাপারে গৌরনদী উপজেলা বিএনপির সিনিয়র যুগ্ম আহবায়ক ও বরিশাল জেলা যুবদলের সাবেক সাধারণ সম্পাদক বদিউজ্জামান মিন্টু বলেন, ত্রয়োদশ জাতীয় সংসদ নির্বাচনে বরিশাল-১ আসন থেকে বিপুল ভোটের ব্যবধানে বিজয়ী জহির উদ্দিন স্বপন একজন অভিজ্ঞ রাজনীতিবিদ। তিনি বিএনপির চেয়ারপার্সনের উপদেষ্টা ও বিএনপির মিডিয়া সেলের আহবায়কের দায়িত্ব পালন করেছেন। এরআগেও তিনি দুইবারের নির্বাচিত সংসদ সদস্য। তার মতো একজন অভিজ্ঞ সংসদ সদস্যকে গুরুত্বপূর্ণ মন্ত্রণালয়ের মন্ত্রীত্বের দায়িত্ব দেয়ায় আমরা বরিশাল-১ আসনের বাসিন্দারা নবনির্বাচিত প্রধানমন্ত্রী ও বিএনপির চেয়ারম্যান তারেক রহমানের প্রতি গভীরভাবে কৃতজ্ঞতা প্রকাশ করছি।

বীর বিক্রম হাফিজ পেলে

দক্ষিণ প্লাজায় শপথগ্রহন অনুষ্ঠানে মহামান্য রাষ্ট্রপতির কাছে মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ের মন্ত্রী হিসেবে মেজর (অব.) হাফিজ উদ্দিন আহমেদ বীর বিক্রম শপথ গ্রহণ করেছেন। মুক্তিযুদ্ধের অকুতোভয় বীর এবং ভোলা-৩ আসন থেকে সাতবারের সংসদ সদস্য মেজর (অব.) হাফিজ উদ্দিন আহমেদ ১৯৭১ সালের মহান মুক্তিযুদ্ধে সাহসিকতার জন্য 'বীর বিক্রম' উপাধি পেয়েছেন। এক সময়কার তারকা ফুটবলার হাফিজ উদ্দিন বিএনপি সরকারের পানি সম্পদ মন্ত্রী হিসেবে দায়িত্ব পালন করেছেন। ত্রয়োদশ জাতীয় সংসদ নির্বাচনে ভোলা-৩ (লালমোহন-তজুমদ্দিন) আসন থেকে ধানের শীষ প্রতীক নিয়ে বিজয়ী হয়েছেন বিএনপির স্থায়ী কমিটির সদস্য মেজর (অব.) হাফিজ উদ্দিন আহমেদ বীরবিক্রম। তিনি ১ লাখ ৫১ হাজার ৭৭৪ ভোট পেয়েছেন। এ নিয়ে মেজর হাফিজ সপ্তমবারের মতো ভোলা-৩ আসন থেকে সংসদ সদস্য হিসেবে নির্বাচিত হয়েছেন। অপরদিকে তার নিকটতম প্রতিদ্বন্দ্বী ১১ দলীয় জোটের জামায়াত সমর্থিত প্রার্থী মুহাম্মদ নিজামুল হক নাঈম ফুলকপি প্রতীক নিয়ে পেয়েছেন ৫৫ হাজার ৬৬০ ভোট।

সংরক্ষিত আসনে নির্বাচন

আয়োজন নিয়ে গত দুদিন বৈঠক করেছেন সংশ্লিষ্ট কর্মকর্তারা। আসন্ন রোজার মধ্যে এ নির্বাচনের তফসিল ঘোষণার পরিকল্পনা করছে ইসি। একই সময়ে বিএনপি চেয়ারম্যান তারেক রহমানের ছেড়ে দেওয়া বগুড়া-৬ ও বন্ধ থাকা শেরপুর-৩ আসনের নির্বাচনের তফসিল ঘোষণা করার কথা চিন্তা করা হচ্ছে। এসব আসনে ভোট হবে রোজার ঈদের পর। আর মহিলা আসনে নির্বাচনের জন্য তফসিল ঘোষণাসহ অন্যান্য প্রক্রিয়া করতে হলেও সাধারণত ভোটগ্রহণের প্রয়োজন হয় না। ইসি সূত্রে এসব তথ্য জানা গেছে। জানতে চাইলে নির্বাচন কমিশনের সিনিয়র সচিব আখতার আহমেদ যুগান্তরকে বলেন, জাতীয় সংসদের সাধারণ নির্বাচনের পর সংরক্ষিত মহিলা আসনের নির্বাচন আয়োজন করা ইসির সাংবিধানিক দায়িত্ব। ওই দায়িত্ব পালনের প্রস্তুতি নেওয়া হচ্ছে। এক প্রশ্নের জবাবে তিনি বলেন, খুব শিগগিরই সংরক্ষিত মহিলা আসন ও সংসদের দুটি সাধারণ আসনের তফসিল ঘোষণার পরিকল্পনা নেওয়া হচ্ছে। গত ১২ ফেব্রুয়ারি ত্রয়োদশ জাতীয় সংসদ নির্বাচনে বিএনপির প্রার্থীরা ২১১টি আসনে জয়ী হন। দলটির জয়ী প্রার্থীদের মধ্যে আদালতের নির্দেশনা অনুযায়ী চট্টগ্রাম-২ ও ৪ আসন বাদে বাকি ২০৯টির ফলাফল ঘোষণা করেছে। বিএনপির মিত্রদের আসন যুক্ত করলে এ সংখ্যা দাঁড়ায় ২১৪ জনে। সংসদ-সদস্য অনুপাতে বিএনপি ও মিত্রদলগুলো ৩৫-৩৬ জন মহিলা সংসদ-সদস্য নির্বাচিত করার সুযোগ পাবে। আর জামায়াতে ইসলামীর নেতৃত্বে ১১ দলীয় জোট ৭৭টি আসনে জয়ী হয়েছে। এই জোটের হয়ে ১৩ জন সংরক্ষিত মহিলা সংসদ-সদস্য নির্বাচিত হতে পারবেন। আর স্বতন্ত্র সাতজন সংসদ-সদস্যদের পক্ষে একজন মহিলা সংসদ সদস্য হবেন। ইসি সূত্রে জানা গেছে, ত্রয়োদশ জাতীয় সংসদ নির্বাচনে জয়ী সংসদ-সদস্য ও মন্ত্রিসভার শপথ মঙ্গলবার। ওই আনুষ্ঠানিকতা শেষ হওয়ার পর সংসদের সংরক্ষিত মহিলা আসনের ভোটের প্রক্রিয়া শুরু হবে। ইসি সূত্র জানায়, মহিলা আসনের নির্বাচন আয়োজন নিয়ে ইসির সংশ্লিষ্ট কর্মকর্তারা দুদিন বৈঠক করেছেন। বৈঠকে নির্বাচনের প্রস্তুতি নিতে কী কী লাগবে, বিদ্যমান আইন ও বিধিমালা পর্যালোচনাসহ অন্যান্য প্রস্তুতি নিয়ে আলোচনা হয়। ওই আলোচনার সারসংক্ষেপ নির্বাচন কমিশনকে জানিয়েছেন কর্মকর্তারা। বৈঠকে অংশ নেওয়া একাধিক কর্মকর্তা জানান, প্রচলিত নিয়ম অনুযায়ী ইসির যুগ্ম সচিব পর্যায়ের কর্মকর্তাদের মধ্য থেকে এ নির্বাচনের রিটার্নিং কর্মকর্তা নিয়োগের আলোচনা চলছে। শপথ গ্রহণের পর সংসদ-সদস্যদের তালিকা ইসির কাছে পাঠাবে ইসি। ওই অনুযায়ী ভোটার তালিকা তৈরি করবে কমিশন। এছাড়া রাজনৈতিক দল ও স্বতন্ত্র সংসদ-সদস্যরা কে কার সঙ্গে জোট করবেন সেই তথ্য ইসি পাওয়ার পর ওই অনুযায়ী প্রস্তুতি নেওয়া হবে। এছাড়া বিদ্যমান আইন ও বিধিমালায় বড় ধরনের পরিবর্তন বা সংশোধনের প্রয়োজন হবে না। তবে আগে যে মনোনয়নপত্র ও হলফনামা ছিল, এবার সেখানে কিছুটা পরিবর্তন আসবে। ত্রয়োদশ জাতীয় সংসদ নির্বাচনের আদলে হলফনামা হবে। ওই হলফনামায় প্রার্থীদের দেশে ও বিদেশে থাকা সম্পদের হিসাব জমা দিতে হবে। ইসির কর্মকর্তারা জানান, সাধারণত দল ও জোট অনুযায়ী সংরক্ষিত মহিলা আসন ভাগ করে দেওয়া হবে। আসনের বিপরীতে সমান সংখ্যক প্রার্থী থাকায় সাধারণত ভোটের প্রয়োজন হয় না। এদিকে বগুড়া-৬ ও শেরপুর-৩ আসনের নির্বাচনের তফসিল রোজার মধ্যেই ঘোষণা করার পরিকল্পনা করছে ইসি। তবে ভোট গ্রহণ হবে ঈদের পর। রোজার মধ্যে নির্বাচনি প্রচারণা চলুক তা ইসি চায় না। ওই বিষয় মাথায় রেখে এ দুই আসনের মনোনয়নপত্র দাখিল, যাচাই-বাছাই ও প্রত্যাহারের সময় নির্ধারণ করা হবে।

রমজানে নিত্যপণ্যের দাম

জামায়াতের আমির ডা. শফিকুর রহমান। তিনি রমজানের পবিত্রতা বজায় রাখার আহ্বানও জানান। মঙ্গলবার (১৭ ফেব্রুয়ারি) ডা. শফিকুর রহমান এক বিবৃতিতে এই আহ্বান জানান তিনি। বিবৃতিতে তিনি বলেন, মাহে রমজান রহমত, মাগফেরাত ও নাজাতের সওগাত নিয়ে আমাদের মধ্যে সমাগত। এ মাসের শেষ ১০ দিনের মধ্যে রয়েছে পবিত্র লাইলাতুল ক্বদর নামে একটি বরকতময় মহিমান্বিত রাত যা হাজার মাসের চেয়েও উত্তম। এই মাস তাকৃওয়া, সহনশীলতা চর্চা ও পরস্পরের প্রতি সহানুভূতি প্রদর্শনের মাস। তিনি আরও বলেন, ১২ ফেব্রুয়ারি দেশে ফ্যাসিবাদমুক্ত পরিবেশে ত্রয়োদশ জাতীয় সংসদ নির্বাচন হয়েছে। দীর্ঘ সাড়ে ১৫ বছরের জগদ্দল পাথরের মতো চেপে বসা জুলুম-নির্যাতনের অবসান ঘটিয়ে জাতি গণতন্ত্রের পথে যাত্রা শুরু করেছে। এমতাবস্থায় দেশের নাগরিকরা মৌলিক মানবাধিকারসহ সব ন্যায়সঙ্গত অধিকার পুনরুদ্ধারের প্রত্যাশা করছে। অন্যদিকে পতিত স্বৈরাচারের দোসররা এখনো দেশকে অস্থিতিশীল করার অপচেষ্টা চালিয়ে যাচ্ছে। দেশবাসীকে ঐক্যবদ্ধভাবে এসব চক্রান্ত ও ষড়যন্ত্র মোকাবিলা করতে হবে। শান্তি, স্বস্তি ও মানবিক মূল্যবোধসম্পন্ন বাংলাদেশ প্রতিষ্ঠিত না হওয়া পর্যন্ত আমাদের ন্যায়সংগত আন্দোলন-সংগ্রাম অব্যাহত রাখতে হবে। তিনি বলেন, পবিত্র রমাদান উপলক্ষে দেশের সার্বিক আইনশৃঙ্খলা পরিস্থিতি, দ্রব্যমূল্যের ঊর্ধ্বগতি এবং সাধারণ মানুষের জীবনমান উন্নয়নের বিষয়ে নতুন সরকারকে বিশেষ নজর দিতে হবে। ফ্যাসিবাদের দোসর অসাধু ব্যবসায়ীরা এখনো সমাজের বিভিন্ন স্তরে সক্রিয় রয়েছে। তারা যেন নিত্যপ্রয়োজনীয় দ্রব্য ও ইফতারসামগ্রীর মূল্য বৃদ্ধি করতে না পারে সে লক্ষ্যে বর্তমান সরকারকে কঠোর ও কার্যকর ব্যবস্থা গ্রহণ করতে হবে। অসাধু ব্যবসায়ীদের সব ধরনের সিন্ডিকেট ভেঙে দিয়ে সুষ্ঠু, স্বচ্ছ ও পরিকল্পিত বাজারব্যবস্থা গড়ে তুলতে হবে। দরিদ্র ও নিম্ন আয়ের মানুষ যেন স্বস্তির সঙ্গে মাহে রমাদানের সিয়াম পালন করতে পারে, সে বিষয়েও প্রয়োজনীয় উদ্যোগ নিতে হবে। প্রয়োজনে ভর্তুকির মাধ্যমে চাল, ডাল, তেল, মাছ, গোশত, শাকসবজি, চিনি, খেজুর, ছোলা, মুড়িসহ নিত্যপ্রয়োজনীয় সব পণ্যের মূল্য সাধারণ মানুষের ক্রয়ক্ষমতার মধ্যে রাখতে হবে। তিনি আরও বলেন, দিনের বেলায় হোটেল-রেস্তোরাঁ বন্ধ রাখা এবং সব প্রকার অশ্লীলতা ও বেহায়াপনা বন্ধে কার্যকর ব্যবস্থা গ্রহণের জন্য আমি বর্তমান সরকারের প্রতি আহ্বান জানাচ্ছি। একই সঙ্গে দেশবাসীর প্রতি পবিত্র মহাগ্রন্থ আল-কুরআনের শিক্ষার আলোকে সমাজ পুনর্গঠনের লক্ষ্যে মাহে রমাদানকে আত্মশুদ্ধি ও প্রশিক্ষণের মাস হিসেবে গ্রহণ করার উদাত্ত আহ্বান জানাচ্ছি।

শুল্কমুক্ত গাড়ি-সরকারি

সংসদ সদস্যরা। মঙ্গলবার জাতীয় সংসদে অনুষ্ঠিত সংসদীয় দলের প্রথম বৈঠকে এই সিদ্ধান্ত নেন তাঁরা। বিএনপির বৈঠকে সিদ্ধান্তে বলা হয়, 'সংসদীয় দলের প্রথম সভায় সিদ্ধান্ত হয়েছে যে বিএনপির কোনো সম্মানিত সংসদ সদস্য ডিউটি-ফ্রি গাড়ি নেবেন না এবং সরকারি বরাদ্দে কোনো প্লট নেবেন না।' এদিকে নতুন সরকারের মন্ত্রিসভার সদস্যদের ব্যবহারের জন্য ৫০টি গাড়ি ও চালক প্রস্তুত রেখেছে সরকারি যানবাহন অধিদপ্তর। মঙ্গলবার মন্ত্রিপরিষদ বিভাগে পাঠানো এক চিঠিতে এ তথ্য জানানো হয়েছে। চিঠিতে বলা হয়, বরাদ্দকৃত ৫০টি যানবাহনের মধ্যে ৩০টি 'ক্যামরি' ও ২০টি 'ল্যান্সার' মডেলের গাড়ি রয়েছে। প্রতিটি গাড়ির সঙ্গে একজন করে চালক নিয়োগ দেওয়া হয়েছে এবং তাদের নাম ও মোবাইল নম্বর সংশ্লিষ্ট দপ্তরে তালিকাভুক্ত করা হয়েছে। এর আগে অন্তর্বর্তী সরকারের গৃহায়ণ ও গণপূর্ত উপদেষ্টা আদিলুর রহমান খান জানান, নতুন সরকারের মন্ত্রীদের জন্য ৩৭টি বাড়ি প্রস্তুত রেখেছে। তাঁদের জন্য গাড়িও প্রস্তুত রাখা হয়েছে।

গণভোটের ফল বাতিল

রিট দায়ের করা হয়েছে। মঙ্গলবার (১৭ ফেব্রুয়ারি) সুপ্রিম কোর্টের আইনজীবী এ বি এম আতাউল মজিদ তৌহিদ জনস্বার্থে এ রিট দায়ের করেন। প্রধান নির্বাচন কমিশনার, মন্ত্রিপরিষদ সচিব, আইন সচিবকে রিটে বিবাদী করা হয়েছে। আগামী সপ্তাহে বিচারপতি ফাতেমা নজীবের নেতৃত্বাধীন হাইকোর্ট বেঞ্চে রিট আবেদনটির ওপর শুনানি হতে পারে। ১২ ফেব্রুয়ারি অনুষ্ঠিত গণভোটে পরিবর্তনের পক্ষে অর্থাৎ 'হ্যাঁ' জয়যুক্ত হয়েছে। দেশজুড়ে অনুষ্ঠিত এই গণভোটে মোট প্রদত্ত ভোটের হার ৬০ দশমিক ২৬ শতাংশ। গত ১৩ ফেব্রুয়ারি রাজধানীর আগারগাঁওয়ে নির্বাচন কমিশন ভবনে এক ব্রিফিংয়ে এ ফলাফল ঘোষণা করেন ইসি সচিবালয়ের সিনিয়র সচিব আখতার আহমেদ। ফলাফল বিস্তারিত তুলে ধরে ইসি সচিব জানান, গণভোটে পরিবর্তনের পক্ষে অর্থাৎ 'হ্যাঁ' ভোট দিয়েছেন ৪ কোটি ৮০ লাখ ৭৪ হাজার ৪২৯ জন ভোটার। অন্যদিকে, বিপক্ষে অর্থাৎ 'না' ভোট দিয়েছেন ২ কোটি ২৫ লাখ ৬৫ হাজার ৬২৭ জন।

মির্জা আব্বাস-রিজভী-নজরুল ইসলামসহ

গঠন করেছে বিএনপি। ৫০ সদস্য বিশিষ্ট মন্ত্রিসভায় ২৫ জন মন্ত্রী ২৪ জন প্রতিমন্ত্রী রয়েছেন। এর মাধ্যমে ২০ বছর পর চতুর্থবারের মতো সরকার গঠন করলো বিএনপি। প্রথমবারের মতো প্রধানমন্ত্রী হলেন বিএনপি চেয়ারম্যান তারেক রহমান।

তিন সরকারের শপথ পড়িয়ে

পতন হয়। ওই বছরের ৮ আগস্ট নোবেলজয়ী অধ্যাপক মুহাম্মদ ইউনূসের নেতৃত্বে অন্তর্বর্তী সরকার গঠন করা হয়। ওই সরকারেরও শপথ পাঠ পড়ান রাষ্ট্রপতি মোহাম্মদ সাহাবুদ্দিন। সাধারণত একজন রাষ্ট্রপতি তার মেয়াদে এক বা দুবার মন্ত্রিসভার শপথ পড়ান, কিন্তু তিন বছরে তিনটি আলাদা সরকারের শপথ পড়ানোর মাধ্যমে এক নতুন ইতিহাস সৃষ্টি করলেন রাষ্ট্রপতি মোহাম্মদ সাহাবুদ্দিন। এদিকে, ২০০১ থেকে ২০০৬ সাল পর্যন্ত সরকারে ছিল বাংলাদেশ জাতীয়তাবাদী দল বিএনপি। ২০ বছর পরে ত্রয়োদশ জাতীয় সংসদ নির্বাচনে জয় পেয়ে সরকার গঠন করে দলটি। বিএনপি সরকারের মন্ত্রিসভায় আছেন ৫০ জন। এর মধ্যে ২৫ জন মন্ত্রী (তিনজন টেকনোক্র?্যাট) ও ২৪ জন প্রতিমন্ত্রী। এবারের মন্ত্রিসভায় নতুন মুখ আছে অনেক, যারা আগে কখনো মন্ত্রী বা প্রতিমন্ত্রী হননি। প্রথমবার নির্বাচিত হয়েই মন্ত্রিসভায় জায়গা করে নেওয়া নেতাও আছেন। মন্ত্রীদের ২৫ জনের মধ্যে ১৬ জনই নতুন মুখ। প্রতিমন্ত্রীর মধ্যে ২৪ জনই নতুন। প্রধানমন্ত্রী তারেক রহমানও এবারই প্রথম মন্ত্রিসভার সদস্য হলেন।

মন্ত্রিসভার শপথে উপস্থিত

দীর্ঘমেয়াদি সহযোগিতার প্রত্যাশাকেই তুলে ধরছে। মালদ্বীপের প্রেসিডেন্ট- মালদ্বীপের প্রেসিডেন্ট ড. মোহাম্মদ মুইজ্জু সকালে বিশেষ বিমানে ঢাকা পৌঁছান। হজরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দরে তাঁকে লাল গালিচা সংবর্ধনা জানান পররাষ্ট্র উপদেষ্টা এম. তৌহিদ হোসেন। মালদ্বীপ হাইকমিশন জানিয়েছে, এই সফর দুই দেশের বন্ধুত্বপূর্ণ সম্পর্ককে এক নতুন উচ্চতায় নিয়ে যাবে। ভুটানের প্রধানমন্ত্রী- ভুটানের প্রধানমন্ত্রী দাশো শেরিং তোবগে বাংলাদেশ সরকারের বিশেষ আমন্ত্রণে শপথ অনুষ্ঠানে অংশ নিচ্ছেন। তাঁর এই সফরকে দুই দেশের দীর্ঘমেয়াদি বন্ধুত্বের প্রতিফলন হিসেবে দেখা হচ্ছে। ভারতের প্রতিনিধিত্ব- ভারতের প্রতিনিধি হিসেবে লোকসভার স্পিকার ওম বিড়লা অনুষ্ঠানে উপস্থিত থাকছেন। ভারতের পররাষ্ট্র মন্ত্রণালয়ের এক বিজ্ঞপ্তিতে জানানো হয়েছে, এই অংশগ্রহণ দুই দেশের জনগণের মধ্যে গভীর সম্পর্ক এবং যৌথ গণতান্ত্রিক মূল্যবোধের প্রতি ভারতের অঙ্গীকার পুনর্ব্যক্ত করে। ভারত ইতিমধ্যেই বাংলাদেশের এই রাজনৈতিক পরিবর্তনকে স্বাগত জানিয়েছে। পাকিস্তান ও নেপালের প্রতিনিধি- পাকিস্তানের পরিকল্পনা ও উন্নয়ন মন্ত্রী আহসান ইকবাল চৌধুরী এবং নেপালের পররাষ্ট্রমন্ত্রী বালা নন্দ শর্মা নিজ নিজ দেশের প্রতিনিধি হিসেবে ঢাকায় অবস্থান করছেন। বিমানবন্দরে তাঁদের উষ্ণ অভ্যর্থনা জানানো হয়। শ্রীলঙ্কা- শ্রীলঙ্কার স্বাস্থ্য ও গণমাধ্যম মন্ত্রী ড. নলিন্দা জয়তিসা কলম্বোর প্রতিনিধিত্ব করছেন। মঙ্গলবার বিকেল ৪টায় সংসদ ভবনের দক্ষিণ প্লাজায় এই শপথ অনুষ্ঠানের আয়োজন করেছে মন্ত্রিপরিষদ বিভাগ। রাষ্ট্রপতি নবনিযুক্ত মন্ত্রীদের শপথ পাঠ করাবেন। বিদেশি মেহমানদের যাতায়াত ও নিরাপত্তা নিশ্চিত করতে রাজধানীর শেরেবাংলা নগর এলাকায় নিশ্ছিদ্র নিরাপত্তা বলয় তৈরি করা হয়েছে। বিকেলের এই অনুষ্ঠানের মধ্য দিয়ে কেবল অভ্যন্তরীণ রাজনীতি নয়, বরং বাংলাদেশের বৈদেশিক সম্পর্কের ক্ষেত্রেও এক নতুন অধ্যায়ের সূচনা হবে বলে আশা করা হচ্ছে। দক্ষিণ এশিয়ার নেতাদের এই ঐক্যবদ্ধ উপস্থিতি নতুন সরকারের আগামী দিনের পথচলাকে আন্তর্জাতিক পরিমণ্ডলে আরও সংহত করবে।

নতুন মন্ত্রিসভায় কে পাচ্ছেন

মন্ত্রণালয়। মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয় এবং সমাজকল্যাণ মন্ত্রণালয় পাচ্ছেন আবু জাফর মো. জাহিদ হোসেন। পররাষ্ট্র মন্ত্রণালয়ের দায়িত্ব পাচ্ছেন খলিলুর রহমান (টেকনোক্র্যাট)। খন্দকার আব্দুল মুক্তাদির পেয়েছেন বাণিজ্য, শিল্প, বস্ত্র ও পাট মন্ত্রণালয়। আব্দুল আউয়াল মিন্টু পাচ্ছেন পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়। ধর্ম বিষয়ক মন্ত্রণালয় দেওয়া হচ্ছে কাজী শাহ মোফাজ্জল হোসেন কায়কোবাদকে। ভূমি ও সংস্কৃতি মন্ত্রণালয় পাচ্ছেন যথাক্রমে মিজানুর রহমান মিনু ও নিতাই রায় চৌধুরী। আ ম ন এহসানুল হক মিলন পাচ্ছেন শিক্ষা মন্ত্রণালয় এবং প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়; সরদার মো. সাখাওয়াত হোসেন পাচ্ছেন স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়; ফকির মাহবুব আনাম পাচ্ছেন ডাক, টেলিযোগাযোগ ও তথ্যপ্রযুক্তি মন্ত্রণালয় এবং বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়। শেখ রবিউল আলম পাবেন সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়, রেলপথ মন্ত্রণালয় এবং নৌ-পরিবহন মন্ত্রণালয়। আরিফুল হক চৌধুরী পাচ্ছেন শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয় এবং প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়; জহির উদ্দিন স্বপন পাচ্ছেন তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়; মোহাম্মদ আমিন উর রশিদ পাচ্ছেন কৃষি মন্ত্রণালয়, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয় এবং খাদ্য মন্ত্রণালয়; আফরোজা খানম পাচ্ছেন বেসামরিক বিমান পরিবহন ও পর্যটন মন্ত্রণালয়, মো. শহীদ উদ্দিন চৌধুরী এ্যানি পাচ্ছেন পানি সম্পদ মন্ত্রণালয়ের দায়িত্ব। আসাদুল হাবিব দুলু পাচ্ছেন দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়; মো. আসাদুজ্জামান পাচ্ছেন আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়; জাকারিয়া তাহের পাচ্ছেন গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয় এবং দীপেন দেওয়ান পাচ্ছেন পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয়ের দায়িত্ব।

প্রতিমন্ত্রীরা কে কোন দপ্তর পাচ্ছেন

ত্রয়োদশ জাতীয় সংসদ নির্বাচনে বিজয়ের পর সরকার গঠন করেছে বাংলাদেশ জাতীয়তাবাদী দল (বিএনপি)। প্রতিমন্ত্রী হিসেবে শপথ নিয়েছেন ২৪ জন এমপি। মঙ্গলবার (১৭ ফেব্রুয়ারি) বিকেলে সংসদ ভবনের দক্ষিণ প্লাজায় প্রতিমন্ত্রিদের শপথ পড়িয়েছেন রাষ্ট্রপতি মো. সাহাবুদ্দিন। মঙ্গলবার (১৭ ফেব্রুয়ারি) বিকেলে সংসদ ভবনের দক্ষিণ প্লাজায় মন্ত্রিসভার সদস্যরা শপথ নেন। তাদের শপথ পড়িয়েছেন রাষ্ট্রপতি মো. সাহাবুদ্দিন। প্রতিমন্ত্রী হিসেবে যারা শপথ নিলেন- ১. এম রশিদুজ্জামান মিল্লাত (এমপি), বেসামরিক বিমান পরিবহন ও পর্যটন মন্ত্রণালয় ২. অনিন্দ্য ইসলাম অমিত (এমপি), বিদ্যুৎ, জ্বালানী ও খনিজ সম্পদ মন্ত্রণালয় ৩. মো. শরিফুল আলম (এমপি), বাণিজ্য মন্ত্রণালয়; শিল্প মন্ত্রণালয়; বস্ত্র ও পাট মন্ত্রণালয় ৪. শামা ওবায়েদ ইসলাম (এমপি), পররাষ্ট্র মন্ত্রণালয় ৫. সুলতান সালাউদ্দিন টুকু (এমপি), কৃষি মন্ত্রণালয়; মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়; খাদ্য মন্ত্রণালয় ৬. ব্যারিস্টার কায়সার কামাল (এমপি), ভূমি মন্ত্রণালয় ৭. ফরহাদ হোসেন আজাদ (এমপি), পানি সম্পদ মন্ত্রণালয় ৮. মো. আমিনুল হক (টেকনোক্র্যাট), যুব ও ক্রীড়া মন্ত্রণালয় ৯. মীর মোহাম্মদ হেলাল উদ্দিন (এমপি), পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয় ১০. হাবিবুর রশিদ (এমপি), সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয় ১১. মো. রাজিব আহসান (এমপি), রেলপথ মন্ত্রণালয়; নৌ-পরিবহন মন্ত্রণালয় ১২. মো. আব্দুল বারী (এমপি), জনপ্রশাসন মন্ত্রণালয় ১৩. মীর শাহে আলম (এমপি), স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয় ১৪. মো. জুনায়েদ আব্দুর রহিম সাকি (এমপি), অর্থ মন্ত্রণালয়; পরিকল্পনা মন্ত্রণালয়; স্বরাষ্ট্র মন্ত্রণালয় ১৫. ইশরাক হোসেন (এমপি), মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় ১৬. ফারজানা শারমীন (এমপি), মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়; সমাজকল্যাণ মন্ত্রণালয় ১৭. শেখ ফরিদুল ইসলাম (এমপি), পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়; ধর্ম বিষয়ক মন্ত্রণালয়; আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয় ১৮. মো. নুরুল হক নুর (এমপি), শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়; প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয় ১৯. ইয়াসের খান চৌধুরী (এমপি), তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয় ২০. এম ইকবাল হোসেইন (এমপি), দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয় ২১. এম এ মুহিত (এমপি), স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়; ডাক, টেলিযোগাযোগ ও তথ্যপ্রযুক্তি মন্ত্রণালয়; বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয় ২২. আহম্মদ সোহেল মঞ্জুর (এমপি), গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয় ২৩. ববি হাজ্জাজ (এমপি), শিক্ষা মন্ত্রণালয়; প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয় ২৪. আলী নেওয়াজ মাহমুদ খৈয়াম (এমপি), সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয় এর আগে প্রধানমন্ত্রী তারেক রহমান ও পূর্ণ মন্ত্রীরা শপথ নেন।

প্রধানমন্ত্রী তারেক রহমানের নেতৃত্বে

আরিফুল হক চৌধুরী, জহির উদ্দিন স্বপন, মোহাম্মদ আমিন উর রশীদ (টেকনোক্র্যাট), আফরোজা খানম, শহীদ উদ্দীন চৌধুরী এ্যানি, আসাদুল হাবিব দুলু, মো. আসাদুজ্জামান, জাকারিয়া তাহের, দীপেন দেওয়ান, আ ন ম এহছানুল হক মিলন, সরদার মো. সাখাওয়াত হোসেন, ফকির মাহবুব আনাম ও শেখ রবিউল আলম। মন্ত্রীদের শপথের পর প্রতিমন্ত্রী হিসেবে শপথ নেন এম রশিদুজ্জামান মিল্লাত, অনিন্দ্য ইসলাম অমিত, মো. শরিফুল আলম, শামা ওবায়েদ ইসলাম, সুলতান সালাউদ্দিন টুকু, কায়সার কামাল, ফরহাদ হোসেন আজাদ, আমিনুল হক (টেকনোক্র্যাট), মীর মোহাম্মদ হেলাল উদ্দিন, হাবিবুর রশীদ, মো. রাজিব আহসান, মো. আব্দুল বারী, মীর শাহে আলম, জোনায়েদ আব্দুর রহিম সাকি, ইশরাক হোসেন, ফারজানা শারমিন, শেখ ফরিদুল ইসলাম, নুরুল হক নুর, ইয়াসের খান চৌধুরী, এম ইকবাল হোসেইন, এম এ মুহিত, আহম্মদ সোহেল মঞ্জুর, ববি হাজ্জাজ ও আলী নেওয়াজ মাহমুদ খৈয়াম।

বিরোধী দলীয় নেতা শফিকুর

সূত্রে জানা গেছে, কুমিল্লা-১১ (চৌদ্দগ্রাম) আসন থেকে নির্বাচিত সংসদ সদস্য ডা. সৈয়দ আব্দুল্লাহ মোহাম্মদ তাহেরকে বিরোধী দলীয় উপনেতার দায়িত্ব দেওয়া হয়েছে। অন্যদিকে বৈষম্যবিরোধী ছাত্র আন্দোলনের অন্যতম সমন্বয়ক ও জাতীয় নাগরিক পার্টির আহ্বায়ক নাহিদ ইসলামকে বিরোধী দলীয় চিফ হুইপ হিসেবে বেছে নেওয়া হয়েছে। সূত্র আরও জানায়, খুব শিগগিরই ১১ দলীয় জোটের পক্ষ থেকে যৌথ সংবাদ বিজ্ঞপ্তির মাধ্যমে বিষয়টি আনুষ্ঠানিকভাবে দেশবাসীকে জানানো হবে।

সাংবিধানিক জটিলতায় সংবিধান

কমিশনার (সিইসি) এ এম এম নাসির উদ্দিন। জামায়াতের সংসদ সদস্যদের পর দুটি শপথ নেন জাতীয় নাগরিক পার্টির (এনসিপি) নির্বাচিত সংসদ সদস্যরা। জুলাই জাতীয় সনদ (সংবিধান সংস্কার) বাস্তবায়ন আদেশ-২০২৫ অনুসারে, গণভোটে 'হ্যাঁ' বিজয়ী হলে নির্বাচিত সংসদ সদস্যরা সংবিধান সংস্কার পরিষদের দায়িত্ব পালন করবেন। সংসদ সদস্য হিসেবে শপথ নেওয়ার পাশাপাশি সংবিধান সংস্কার পরিষদের শপথ নেবেন। গতকাল মঙ্গলবার সকাল সাড়ে ১০টায় জাতীয় সংসদে শপথ নিয়েছেন বিএনপির নির্বাচিত সংসদ সদস্যরা। কিন্তু তাঁরা সংবিধান সংস্কার পরিষদের সদস্য হিসেবে শপথ নেননি। বিএনপির পক্ষ থেকে বলা হয়েছে, বিষয়টি সংবিধান নেই। তাঁরা পরিষদের সদস্য হিসেবে শপথ নেবেন না। এ কারণে সংসদ সচিবালয়ের প্রস্তুতি থাকার পরেও বিএনপি নির্বাচিত সংসদ সদদ্যদের সংবিধান সংস্কার পরিষদের শপথ অনুষ্ঠিত হয়নি। সকাল সাড়ে ১০টার দিকে বিএনপির সংসদ সদস্যদের শপথ পড়ার আগে সংক্ষিপ্ত বক্তব্যে দলের স্থায়ী কমিটির সদস্য সালাহউদ্দিন আহমদ বলেন, সংবিধানে এ বিষয় যুক্ত না থাকায় বিএনপির সংসদ সদস্যরা সংবিধান সংস্কার পরিষদ সদস্য হিসেবে শপথ নেবেন না। তিনি বলেন, 'আমরা গণপরিষদ সদস্য হিসেবে নির্বাচিত হইনি।' সালাহউদ্দিন আহমদ বলেন, 'গণভোটের রায় অনুযায়ী, সংবিধান সংস্কার পরিষদ গঠিত হলে সেটা সংবিধানে আগে ধারণ করতে হবে। কে শপথ নেওয়াবেন সেটার বিধান করতে হবে। এই রকম ফরম (সংসদ সদস্যদের শপথ ফরম) সংবিধানে নেই। এই সাদা ফরম তৃতীয় তফসিলে আছে। এই রকম ফরম তৃতীয় তফসিলে আসবে। সেগুলো জাতীয় সংসদে সাংবিধানিকভাবে গৃহীত হওয়ার পরে সংবিধান সংস্কার পরিষদের সদস্যদের শপথ নেওয়ার বিধান করা যাবে বিধায় আমরা এখন সাংবিধানিকভাবে এই পর্যন্ত এসেছি। আমরা সংবিধান মেনে এ পর্যন্ত চলছি, এবং আশা করি সামনের দিনেও চলব। মাননীয় চেয়ারম্যানের নির্দেশে, উনার উপস্থিতিতে আপনাদের এই দলীয় সিদ্ধান্ত জানালাম।'

৬০ দিনের মধ্যে অস্ত্র ছাড়ার হুমকি ইসরায়েলের, প্রত্যাখ্যান হামাসের

কীর্তনখোলা ডেস্ক

গাজাভিত্তিক স্বাধীনতাকামী সংগঠন হামাসকে ৬০ দিনের মধ্যে নিরস্ত্র হতে হবে এমন মন্তব্য করে হুমকি দিয়েছেন ইসরায়েল সরকারের এক কর্মকর্তা। তিনি বলেছেন, হামাস তা না মানলে ইসরায়েল আবারও 'গণহত্যামূলক যুদ্ধ' শুরু করবে। এই মন্তব্য সরাসরি প্রত্যাখ্যান করেছে হামাস। কাতারভিত্তিক সংবাদমাধ্যম আলজাজিরাকে হামাসের জ্যেষ্ঠ কর্মকর্তা মাহমুদ মারদাওয়ি সোমবার বলেন, এমন কোনো দাবির বিষয়ে তিনি কিছু জানেন না। তিনি বলেন, 'ইসরায়েলের প্রধানমন্ত্রী বেনিয়ামিন নেতানিয়াহু...এবং গণমাধ্যমের মাধ্যমে দেওয়া বক্তব্যগুলো চলমান আলোচনার সঙ্গে সম্পর্কহীন, এগুলো কেবল ভিত্তিহীন হুমকি।' মারদাওয়ির এই মন্তব্য এল এমন এক ঘটনার পর, যখন ইসরায়েলের মন্ত্রিপরিষদ সচিব ইয়োসি ফুকস সোমবার জেরুজালেমে এক সম্মেলনে বক্তব্য দেন। সেখানে তিনি হুমকি দিয়ে বলেন, ৬০ দিনের মধ্যে হামাস নিরস্ত্র না হলে গাজায় 'গণহত্যামূলক যুদ্ধ' আবার শুরু করা হবে। নেতানিয়াহুর ঘনিষ্ঠ সহযোগী ফুকস দাবি করেন, এই দুই মাস সময় দেওয়ার প্রস্তাবটি যুক্তরাষ্ট্র প্রশাসনের পক্ষ থেকে এসেছে। তিনি বলেন, 'আমরা সেটিকে সম্মান করছি।' এই আলটিমেটাম ঠিক কবে থেকে শুরু হবে, তা নিশ্চিত না করলেও ফুকস বলেন, এটি ১৯ ফেব্রুয়ারি যুক্তরাষ্ট্রের প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্পের 'বোর্ড অব পিসের' বৈঠক থেকে শুরু হতে পারে। এটি ওয়াশিংটনের সমর্থিত গাজা পুনর্গঠন পরিকল্পনা। ফুকস বলেন, 'আমরা বিষয়টি মূল্যায়ন করব। যদি কাজ করে, তাহলে ভালো। আর যদি না করে, তাহলে আইডিএফকে (ইসরায়েলি সেনাবাহিনী) মিশন সম্পন্ন করতে হবে।' হামাসের মারদাওয়ি আল জাজিরাকে আরও বলেন, যুদ্ধ পুনরায় শুরু করার যেকোনো হুমকি 'পুরো অঞ্চলের জন্য গুরুতর পরিণতি' ডেকে আনবে। তিনি জোর দিয়ে বলেন, 'ফিলিস্তিনি জনগণ আত্মসমর্পণ করবে না।' জানুয়ারির মাঝামাঝি তথাকথিত 'যুদ্ধবিরতি' চুক্তির দ্বিতীয় ধাপ শুরু হয়। এতে যুক্তরাষ্ট্র বলেছে, তারা হামাসকে নিরস্ত্র করা এবং একটি আন্তর্জাতিক শান্তিরক্ষী বাহিনী মোতায়েনের বিষয়টি দেখবে। তবে ইসরায়েল গাজা দখল করে রাখলে হামাস অস্ত্র ছাড়বে না বলে জানিয়ে দিয়েছে। এ মাসের শুরুর দিকে, বিদেশে অবস্থানরত হামাসের রাজনৈতিক নেতা খালেদ মেশালও গাজায় ফিলিস্তিনি সংগঠনগুলোর নিরস্ত্রীকরণের আহ্বান প্রত্যাখ্যান করেন। তিনি বলেন, দখলদার শক্তির অধীনে থাকা জনগণের কাছ থেকে অস্ত্র কেড়ে নেওয়া হলে তারা 'সহজ শিকার হয়ে ধ্বংসের মুখে' পড়বে। ২০২৩ সালের অক্টোবর থেকে গাজায় ইসরায়েলের গণহত্যায় ৭২ হাজারের বেশি মানুষ নিহত হয়েছেন। তাদের মধ্যে হাজার হাজার শিশু রয়েছে। যুক্তরাষ্ট্রের মধ্যস্থতায় অক্টোবরে শুরু হওয়া তথাকথিত 'যুদ্ধবিরতি' কার্যকর থাকার পরও ইসরায়েলের হামলা অব্যাহত রয়েছে। এই সময়ের মধ্যে ৬০০ জনের বেশি ফিলিস্তিনি নিহত হয়েছেন। গাজা কর্তৃপক্ষের তথ্য অনুযায়ী, ইসরায়েল এই 'যুদ্ধবিরতি' ১ হাজার ৫২০ বার লঙ্ঘন করেছে। প্রায় প্রতিদিন ফিলিস্তিনিদের হত্যা ছাড়াও, গাজায় প্রবেশ করা খাদ্য, ওষুধ, চিকিৎসা সরঞ্জাম, আশ্রয় উপকরণ এবং প্রিফ্যাব ঘরের পরিমাণও কঠোরভাবে সীমিত করেছে ইসরায়েল। সেখানে প্রায় ২০ লাখ ফিলিস্তিনি বাস করছেন। তাদের মধ্যে ১৫ লাখ মানুষ বাস্তুচ্যুত। তারা ভয়াবহ মানবিক পরিস্থিতির মধ্যে দিন কাটাচ্ছেন।

উজিরপুরে কাভার্ড ভ্যান চাপায়

থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) শামীম শেখ জানান, সকালে বাজার করতে ব্যাটারিচালিত ভ্যানে করে সৌদি মার্কেট এলাকা থেকে সানুহারের উদ্দেশে রওনা দেন মোস্তফা হাওলাদার। সানুহার বাজারের কাছে পৌঁছালে ঢাকাগামী বেঙ্গল প্লাস্টিকের একটি কাভার্ড ভ্যান পেছন থেকে ভ্যানটিকে চাপা দেয়। এতে ঘটনাস্থলেই মোস্তফা হাওলাদারের মৃত্যু হয় এবং চালক লিংকন সিকদার আহত হন। দুর্ঘটনার পর কাভার্ড ভ্যান রেখে চালকসহ সংশ্লিষ্ট ব্যক্তিরা পালিয়ে যান বলে জানান ওসি। পুলিশ ভ্যানটি জব্দ করেছে। নিহত ব্যক্তির মরদেহ উদ্ধার করে ময়নাতদন্তের জন্য মর্গে পাঠানো হয়েছে। এ ঘটনায় মামলা হয়েছে।

যুবলীগের নেতাকে কুপিয়ে

৫ নম্বর ওয়ার্ড যুবলীগের আহ্বায়ক ছিলেন। এ ঘটনায় জড়িত ব্যক্তিরা এবারের জাতীয় নির্বাচনে ভোলা-৪ আসনে (মনপুরা ও চরফ্যাশন উপজেলা) জয়ী বিএনপির প্রার্থী নুরুল ইসলামের (নয়ন) অনুসারী বলে অভিযোগ উঠেছে। মঙ্গলবার চরফ্যাশন উপজেলা বিএনপির সাবেক দপ্তর সম্পাদক কামাল গোলদার স্বাক্ষরিত একটি সংবাদ বিজ্ঞপ্তিতে (বর্তমানে কমিটি নেই) উল্লেখ করা হয়েছে, 'সোমবার প্রথম আলোয় "যুবলীগের নেতাকে কুপিয়ে হত্যা, আগের দিন পেটানো হয় ছেলেকে" শিরোনামে যে খবরটি ছাপা হয়েছে, তা আমাদের দৃষ্টিগোচর হয়েছে। এ ঘটনার সঙ্গে ভোলা-৪ (চরফ্যাশন-মনপুরা) আসনে সদ্য নির্বাচিত সংসদ সদস্য নুরুল ইসলাম কিংবা উপজেলা বিএনপি কোনোভাবে জড়িত নয়। যারা এ হত্যাকাণ্ডের সঙ্গে জড়িত, তারা বিএনপির কর্মী বা নুরুল ইসলামের অনুসারীও নয়। তারা মূলত মাদক কারবারি। মাদক বিক্রির ভাগবাঁটোয়ারার বিরোধকে কেন্দ্র করে এ হত্যাকাণ্ড হয়েছে। এ ঘটনার সঙ্গে রাজনৈতিক কোনো সম্পৃক্ততা নেই। তাই এ ধরনের অভিযোগ যারা দিয়েছে, তার কোনো সত্যতা নেই। আমরা এ ধরনের অভিযোগের প্রতিবাদ জানাচ্ছি। আমরা চাই, আসামি দ্রুত গ্রেপ্তার হোক এবং অপরাধীদের শাস্তি হোক।' চরফ্যাশন উপজেলার শশীভূষণ থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা ফখরুল ইসলাম বলেন, নিহত ব্যক্তির স্ত্রী বিবি ফাতেমা সাতজনকে আসামি করে সোমবার একটি হত্যা মামলা করেছেন। কিন্তু কোনো আসামি গ্রেপ্তার হয়নি। আসামিদের ধরতে তাঁদের চেষ্টা অব্যাহত আছে।

ভাষা সৈনিক শহীদ আলতাফ

শেলীকে আহ্বায়ক, নাট্যকার-শিক্ষক ও আবৃত্তিকার অনিমেষ সাহা লিটুকে সদস্য সচিব এবং কথাসাহিত্যিক ও সাংবাদিক মুহম্মদ ইমন খন্দকার হৃদয়কে সমন্বয়কারী করা হয়েছে। সভায় সভাপতিত্ব করেন কবি ও ছড়াকার তপংকর চক্রবর্তী। সভায় উপস্থিত ছিলেন বি. এম. কলেজের সাবেক অধ্যক্ষ ইমানুল হাকীম, দৈনিক আজকের সময়ের বার্তার প্রকাশক ও সম্পাদক এম. লোকমান হোসাইন, বরিশাল সাংস্কৃতিক সংগঠন সমন্বয় পরিষদের সাবেক সাধারণ সম্পাদক মিন্টু কর, সময় টেলিভিশনের ব্যুরো চিফ অপূর্ব অপু, শব্দাবলী গ্রুপ থিয়েটারের সভাপতি মো. ফারুক হোসেন, দৈনিক কালের কণ্ঠের সাংবাদিক খান মনিরুজ্জামান, তোফাজ্জল হোসেন মানিক মিয়া কলেজের ইংরেজি বিভাগের সহকারী অধ্যাপক পীযূষ বন্দ্যোপাধ্যায়, বরিশাল ক্যাবের সাধারণ সম্পাদক রণজিৎ দত্ত, বরিশাল প্রেস ক্লাবের সদস্য সাগর বৈদ্য, মো. নাসিমুল হক, খেয়ালী গ্রুপ থিয়েটারের সদস্য মো. অয়ন ইসলাম, সাংস্কৃতিক সংগঠক ও আবৃত্তিকার সুজয় সেন, সাংস্কৃতিক সংগঠক আবুল খায়ের সবুজ, বরিশাল জেলা ক্যাবের সদস্য এ. এইচ. এম. আব্দুল্লাহসহ সাংস্কৃতিক, শিক্ষাবিদ ও গণমাধ্যম সংশ্লিষ্ট ব্যক্তিবর্গ। সভায় বক্তারা বলেন, ভাষা আন্দোলনের অমর গান 'আমার ভাইয়ের রক্তে রাঙানো'এর সুরকার এবং মহান মুক্তিযুদ্ধে শহীদ আলতাফ মাহমুদ শুধু একজন শিল্পীই নন, তিনি বাঙালির জাতীয় চেতনা ও সাংস্কৃতিক ঐতিহ্যের এক অবিচ্ছেদ্য অংশ। তাঁর জীবন, সংগ্রাম, শিল্পসাধনা ও আত্মত্যাগ জাতির ইতিহাসে চিরস্মরণীয় হয়ে আছে। কিন্তু সময়ের প্রবাহে তাঁর অবদান সম্পর্কে নতুন প্রজন্মের মধ্যে পর্যাপ্ত চর্চা ও গবেষণা এখনও সীমিতড়এ বাস্তবতা থেকে তাঁর স্মৃতি সংরক্ষণে একটি সংগঠিত উদ্যোগের প্রয়োজনীয়তা অনুভূত হয়। বক্তারা আরও জানান, "শহীদ আলতাফ মাহমুদ স্মৃতি সংসদ" তাঁর জীবন ও কর্মভিত্তিক গবেষণা কার্যক্রম, স্মারকগ্রন্থ প্রকাশ, স্মরণসভা, সেমিনার, সাংস্কৃতিক অনুষ্ঠান, সংগীতানুষ্ঠান ও শিক্ষামূলক কর্মসূচি আয়োজনের মাধ্যমে তাঁর অবদানকে জাতীয় ও আন্তর্জাতিক পরিসরে তুলে ধরার জন্য কাজ করবে। পাশাপাশি বরিশালে তাঁর স্মৃতিবিজড়িত স্থানসমূহ চিহ্নিত ও সংরক্ষণের উদ্যোগ নেওয়ার কথাও সভায় গুরুত্বের সঙ্গে আলোচনা করা হয়। সভা থেকে বরিশালের সর্বস্তরের মানুষ, সাংস্কৃতিক কর্মী, শিক্ষাবিদ ও গণমাধ্যমকর্মীদের এ মহৎ উদ্যোগে সম্পৃক্ত হওয়ার আহ্বান জানানো হয়। একইসঙ্গে শহীদ আলতাফ মাহমুদের জীবন, আদর্শ ও সৃজনশীল অবদান সম্পর্কে ব্যাপক প্রচার ও চর্চা জোরদারের মাধ্যমে নতুন প্রজন্মের মধ্যে দেশপ্রেম, সাংস্কৃতিক চেতনা ও ইতিহাসবোধ জাগ্রত করার প্রত্যয় ব্যক্ত করা হয়।

নগরীতে শ্রমিকনেতা কামালের

করেছেন। ইন্নালিল্লাহি ওয়া ইন্না ইলাইহি রাজিউন। ১৭ ফেব্রুয়ারী মঙ্গলবার সকাল ৭টার দিকে নগরীর চাঁদমারী নিজ বাসভবনে অসুস্থ হয়ে তিনি মারা যান। মৃত্যুকালে তার বয়স হয়েছিল প্রায় ১'শ বছর। তিনি কিছুদিন যাবত বার্ধক্যজনিত অসুস্থতায় ভুগছিলেন। মঙ্গলবার জোহরের নামাজের পর ১০নং ওয়ার্ড কেডিসি জামে মসজিদ প্রাঙ্গনে মরহুমের প্রথম জানাযা অনুষ্ঠিত হয়। এতে উপস্থিত ছিলেন বরিশাল মহানগর জামায়াতের আমির মাওলানা জহির উদ্দীন মুহাম্মদ বাবর, মহানগর সেক্রেটারি মাওলানা মতিউর রহমান, বরিশাল প্রেস ক্লাবের সাবেক সেক্রেটারি কাজী মিরাজ মাহমুদ, দৈনিক বর্তমান'র ব্যুরো চিফ মো. মামুন-অর-রশিদ, ইসলামী ব্যাংক হাসপাতালের প্রশাসনিক ইনচার্জ মুহাম্মদ আব্দুল কুদ্দুস, বরিশাল সংস্কৃতি কেন্দ্রের সভাপতি হাফেজ হাসান আতিক সহ প্রায় কয়েক'শ মানুষ এতে অংশ নেন। বাকেরগঞ্জের গোবিন্দপুরে আসরবাদ ২য় জানাযা শেষে তাকে পারিবারিক কবরস্থানে দাফন করা হয়।

নিখোঁজের ১৭ দিন পর নদীতে

বিষয়টি পুলিশকে জানালে নিখোঁজের ১৭ দিন পর সদর উপজেলার নলটোনা ইউনিয়নের বিষখালী নদীর তীর থেকে ভাসমান অবস্থায় মোস্তফা শিকদারের মরদেহ উদ্ধার করে পুলিশ। নিহত মোস্তফা শিকদারের জামতা মো. মাসুদ বলেন, আমার শ্বশুর প্রায় এক মাস আগে একবার হার্ট অ্যাটাক করেছিল। পরে তার হার্টে একটি রিং পরানো হয়। এরপর তিনি সুস্থ হয়ে গত ৩১ তারিখ নদীতে মাছ ধরতে গিয়ে নিখোঁজ হন। মোস্তফা শিকদারের ছেলে গোলাম রাব্বি মিঠু বলেন, আমার বাবার সঙ্গে কারো কোনো বিরোধ ছিল না। নিখোঁজের ১৭ দিন পর তার মরদেহ উদ্ধার করেছে পুলিশ। যেহেতু কারো সাথে কোনো বিরোধ ছিল না, সে কারণে পরিবারের পক্ষ থেকে কারো বিরুদ্ধে আমাদের কোনো অভিযোগ নেই। বরগুনা সদর থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) মোহাম্মদ আব্দুল আলীম বলেন, মোস্তফা শিকদার নিখোঁজের ঘটনায় গত ২ তারিখ থানায় একটি সাধারণ ডায়েরি করেন পরিবারের সদস্যরা। পরে বিষখালী নদীর তীর থেকে ভাসমান অবস্থায় মোস্তফার মরদেহ উদ্ধার করা হয়। তবে এ ঘটনায় কারো বিরুদ্ধে কোনো অভিযোগ নেই বলে জানিয়েছেন নিহতের পরিবারের সদস্যরা।

দশমিনায় চার সন্তানের জননীর

সন্তান নিয়ে তহমিনা পূর্ব আলীপুর বাবার বাড়ি ভাইয়ের সাথে থাকতো। গত শুক্রবার সকালে তার ভাই, ভাবি ও কন্যা সন্তান চরের এক আত্নীয়বাড়ি বেড়াইতে যায় তহমিনা তাদের গলাচিপার বন্নাতলি এগিয়ে দিয়ে আসে। পরে তার প্রথম স্বামীর ঘরের সন্তানদের উলানিয়ায় দেখা করে চলে আসে। সোমবার রাতে যে কোন সময় গলায় ফাঁস দিয়ে আত্নহত্যা করেন তহমিনা। মঙ্গলবার সকালে ঘরের দড়জা আটকানো দেখে তার চাচা দড়জার সামনে গিয়ে নাম দরে ডাকাডাকি করে কোন শব্দ না পেয়ে পেছনের দড়জা ভেঙ্গে ঘরে প্রবেশ করে দেখে তহমিনা ঘরের বাড়ান্দার আড়ার সাতে ঝুলে আছে। ডাকচিৎকার করলে এলাকার লোক জন আসে। দশমিনা থানায় ফোন করলে তারা লাশ উদ্ধার করে থানা নিয়ে আসে। এই মৃত্যু নিয়ে এলাকার লোকদের মাঝে নানা ধরনের মন্তব্য চলোমান। তহমিনার বড় চাচা শাহজাহান সরদার জানান, তহমিনা দীর্ঘদিন ছোট মেয়েকে নিয়ে বাবার বাড়ি ভাই ও ভাবির সাথে থাকে। গত শুক্রবার ভাই,ভাবি ও ছোট মেয়ে চরে আত্নীর বাড়ি বেড়াতে যায়। তহমিনা বাসায় একা থাকতো। মঙ্গলবার সকালে বজারে যাওয়ার সময় ঘরের দড়জা আটকানো দেখে ডাকাডাকি করি পরে কোন শব্দ না পেয়ে পিছনের দড়জা ভেঙ্গে ঘরে প্রবেশ করেন আড়ার সাথে ঝুলে আছে। আমার চিৎকারে এলাকার লোকজন আসলে পরে থানা পুলিশ এসে ঝুলন্ত অবস্থাথেকে উদ্ধার করে থানায় নিয়ে যায়। তহমিনার প্রথম ঘরের সন্তান আবু সলেহ বলেন, আমার বাবার সাথে মায়ের বিবাহ বিচ্ছেদ হয় অনেক বছর। আমরা দুই ভাই বোন বাবার সাতে থাকি। মা পরে বিবাহ করেন সেখানেও আমার একটি ছোট বোনকে নিয়ে মা দ্বিতীয় স্বামীকে তালাক দেন। তার পর থেকে নানা বড়ি মামার সাথে থাকেন। গত শুক্রবার আমাদের তিন ভাই বোনদের সাথে দেখা করে আসেন। মায়ের মাথায় পানি জমিয়েছে বহুবার চিকিৎসা করিয়েছি। মাথায় সমস্যা দেখা দিলে মা ঘরের মালামাল ভাংচুর করে পাগলের মতো হয়ে যায়। সকালে আমাকে ফোন করে জানালে আমরা দুই ভাই বোন আসি। মা কি কারনে আত্নহত্যা করবে তার কারন দেখছিনা। আইনশৃঙ্খাল বাহিনীর সদস্যদের অনুরোধ করবো মায়ের মৃত্যুর সঠিক কারন উদঘাটন করে দোষিদের আইনের আওয়াতায় আনার জন্য। ঐ ইউনিয়নের ইউপি সদস্য রবিউল জানান, ঘটনার বিষয় শুনে ঘটনা স্থলে আসি। থানায় ফোন করে জানালে পুলিশ এসে ঝুলন্ত মরদেহ উদ্ধার করে থানায় নিয়ে যায়। তিনি আরো জানা তিনি একা ঘরের ছিলেন। তার ঝুলন্ত অবস্থায় দেকে স্বাভাবিক মৃত্যু মনে হয়নি। সঠিক তদন্ত পূর্বক মৃত্যুর সঠিক কারন উদঘাটনে জন্য আইনশৃঙ্খলা বাহিনীর সদস্যদের অনুরোধ জানান। থানা ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) আবু সাহাদৎ মোঃ হাচনাইন পারভেজ জানান, ঘটনার বিষয় শুনে থানা পুলিশ পাঠানো হয় পরে আমি নিজে ঘটনা স্থলে যাই। মরদেহের প্রাথমিক সুরাতহাল করা হয়েছে। মরদেহ ময়না তদন্তের জন্য পাঠানো হয়েছে। ময়নাতদন্তের পর পরিবারের কাছে হস্তান্তর করা হবে। ময়না তদন্তের রিপোর্ট হাতে পাওয়ার পর পরবর্তী কার্যক্রম গ্রহন করা হবে।

বরিশাল অঞ্চলে জলাভূমিতে

প্রাণিসম্পদ অধিদফতর। প্রকল্পের আওতায় বরিশাল বিভাগের চারটি জেলা বরিশাল, পটুয়াখালী, ঝালকাঠি ও ভোলায় জলবায়ু সহিষ্ণু হাঁস পালন কার্যক্রম সম্প্রসারণের পরিকল্পনা করা হয়েছে। সরকারি হাঁস খামারের উৎপাদন সক্ষমতা বৃদ্ধি, হাঁসের বাচ্চার চাহিদা পূরণ এবং জলবায়ু পরিবর্তনের ঝুঁকি মোকাবিলাই প্রকল্পের মূল উদ্দেশ্য। বরিশাল বিভাগ একটি নদীবিধৌত ও উপকূলীয় অঞ্চল হওয়ায় এখানে লবণাক্ততা, ঘূর্ণিঝড় ও জলবায়ু পরিবর্তনের প্রভাব বেশি। ফলে কৃষি ও মৎস্য উৎপাদন ক্ষতিগ্রস্ত হচ্ছে। এ অবস্থায় জলাভূমি ও পতিত জমিতে হাঁস পালন একটি বিকল্প ও টেকসই জীবিকামুখী উদ্যোগ হিসেবে বিবেচিত হচ্ছে। তবে পরিকল্পনা কমিশনের প্রাথমিক পর্যালোচনায় প্রকল্পটির ডিপিপিতে একাধিক গুরুতর আপত্তি তোলা হয়েছে। পরিকল্পনা কমিশন জানিয়েছে, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয় ২০২৫-২৬ অর্থবছরে ৩১টি প্রকল্প বাস্তবায়ন করছে। এসব প্রকল্পের জন্য প্রয়োজনীয় মোট বরাদ্দ ৬৪৩,৮৬১.৩২ লক্ষ টাকা, যেখানে চলতি অর্থবছরে এডিপিতে বরাদ্দ হয়েছে ১৪৯,৯১১.০০ লক্ষ টাকা। কমিশনের মতে, নতুন প্রকল্পের জন্য অর্থায়ন পরিকল্পনা স্পষ্ট করা জরুরি, কারণ মন্ত্রণালয়ের ফিসক্যাল স্পেস ঋণাত্মক অবস্থায় রয়েছে। ডিপিপি'র ১৫.৪ নং আইটেমে বরিশাল, পটুয়াখালী, ঝালকাঠি ও ভোলার হাঁস প্রজনন খামারের সক্ষমতা বৃদ্ধির কথা উল্লেখ আছে। তবে খামারিদের প্রশিক্ষণ কীভাবে দেওয়া হবে, প্রশিক্ষণ মাধ্যম কী হবে এবং তারা কী ধরনের সহায়তা পাবেন এসবের বিস্তারিত উল্লেখ নেই। এছাড়া, ক্রয় পরিকল্পনা পিপিআর ২০০৮ অনুযায়ী প্রস্তুত করা হয়েছে। যেহেতু বর্তমানে পিপিআর ২০২৫ প্রযোজ্য, তাই নতুন নির্দেশ অনুযায়ী ক্রয় পরিকল্পনা প্রণয়ন প্রয়োজন। কমিশন জানিয়েছে, ডিপিপি'র ২০নং আইটেমে নির্মাণ কাজ, যন্ত্রপাতি ও সরঞ্জাম আইটেমের বিস্তারিত ব্যাখ্যা প্রয়োজন। পণ্য ক্রয় পরিকল্পনার সংযোজনী অনুযায়ী, দুটি ২ টন এয়ার কন্ডিশনারের ব্যয় ১,৬০৫.২০ লক্ষ টাকা ধরা হয়েছে, কিন্তু ব্যয় বিবরণীতে মাত্র ০.৪ লক্ষ টাকা দেখানো হয়েছে। এ অসামঞ্জস্যতা দূর করতে হবে এবং এয়ার কন্ডিশনার কেনার যৌক্তিকতা ডিপিপিতে সংযুক্ত করতে হবে। জাতীয় পর্যায়ে ৩টি কর্মশালার জন্য ১৭.৯৯ লক্ষ টাকা বরাদ্দ থাকলেও কর্মশালার বিষয়বস্তু, সময়, স্থান, অংশগ্রহণকারী ও আলোচক সম্পর্কিত তথ্য ডিপিপিতে নেই। পরিবহন সেবা, মনিহারী খাত, প্রকল্প অফিস ও বরিশাল অফিস রিনোভেশন, ভূমি উন্নয়ন এবং খামার যন্ত্রপাতি সংক্রান্ত বিস্তারিত ব্যয় ও স্পেসিফিকেশনও ডিপিপিতে উল্লেখ করা হয়নি। এছাড়া, কতিপয় অঙ্গের পরিমাণ 'থোক' হিসেবে দেখানো হয়েছে, যা স্পষ্টভাবে উল্লেখ করা প্রয়োজন। পরিকল্পনা কমিশন জানিয়েছে, এসব ত্রুটি ও অসামঞ্জস্য পিইসি সভায় বিস্তারিতভাবে আলোচনা হবে। সভায় সংশ্লিষ্ট মন্ত্রণালয় ও দফতরের প্রতিনিধিরা উপস্থিত থেকে ব্যাখ্যা দেবেন। আলোচনার পর প্রকল্প অনুমোদন বা সংশোধনের সিদ্ধান্ত নেওয়া হবে। সংশোধনের মাধ্যমে প্রকল্পের কার্যক্রম আরও সুস্পষ্ট ও কার্যকর হবে এবং বরিশাল, পটুয়াখালী, ঝালকাঠি ও ভোলার হাঁস প্রজনন ও প্রাণিসম্পদ উন্নয়ন কার্যক্রম সঠিকভাবে বাস্তবায়িত হবে। প্রকল্প পরিচালক ড. অভিজিত কুমার মোদক ঢাকা মেইলকে বলেন, প্রশিক্ষণ ও কার্যক্রমের বিষয়গুলো প্রকল্প প্রস্তাবে কাঠামোগতভাবে অন্তর্ভুক্ত থাকলেও বিস্তারিত উপস্থাপনায় ঘাটতি থেকে থাকতে পারে। এনিয়ে পিইসি সভায় স্পষ্টভাবে ব্যাখ্যা করা হবে। খামারিদের জন্য হাতে-কলমে প্রশিক্ষণ, মাঠপর্যায়ে প্রদর্শনী কার্যক্রম এবং কারিগরি সহায়তা প্রদানের পরিকল্পনা রয়েছে বলেও তিনি জানান। হাওর ও নদী-ধৌত অঞ্চলের পরিবারগুলো জলবায়ু পরিবর্তনের ঝুঁকিতে রয়েছে এ বিষয়টি স্বীকার করে তিনি বলেন, প্রকল্পের অন্যতম উদ্দেশ্যই হলো এসব ঝুঁকিপ্রবণ এলাকায় টেকসই ও জলবায়ু সহিষ্ণু হাঁস পালন ব্যবস্থা গড়ে তোলা। অর্থায়ন ও ব্যয়ের অসামঞ্জস্য প্রসঙ্গে ড. মোদক বলেন, পরিকল্পনা কমিশনের পর্যবেক্ষণকে ইতিবাচক হিসেবে দেখা হচ্ছে এবং প্রয়োজনীয় সংশোধনের পর প্রকল্পটি বাস্তবায়নের অনুমোদন পাবে বলে আশা করা হচ্ছে।

পশ্চিম তীরে ইসরায়েলের 'ভূমি দখল'

সংবাদ সম্মেলনে গুতেরেসের মুখপাত্র স্তেফান দুজারিক এমনটাই জানিয়েছেন। তুরস্কভিত্তিক বার্তা সংস্থা আনাদোলু এজেন্সি এ খবর জানিয়েছে। গুতেরেসের মুখপাত্র স্তেফান দুজারিক বলেছেন, ১৫ ফেব্রুয়ারি ইসরায়েল সরকার পশ্চিম তীরের এরিয়া সি-তে ভূমি নিবন্ধন প্রক্রিয়া পুনরায় শুরু করার যে সিদ্ধান্ত নিয়েছে, তা ফিলিস্তিনিদের নিজস্ব সম্পত্তি থেকে উচ্ছেদের ঝুঁকি তৈরি করতে পারে এবং ওই অঞ্চলে ইসরায়েলের নিয়ন্ত্রণ আরও বিস্তৃত করতে পারে। তিনি আরও বলেছেন, গুতেরেস ইসরায়েলকে অবিলম্বে এসব পদক্ষেপ প্রত্যাহারের আহ্বান জানিয়েছেন। এ ধরনের পদক্ষেপ শুধু অস্থিতিশীলতাই বাড়ায় না, আন্তর্জাতিক বিচার আদালতের ভাষ্য অনুযায়ী এটি বেআইনিও। যা বর্তমান পরিস্থিতি দুই-রাষ্ট্র সমাধানের সম্ভাবনাকে দুর্বল করে দিচ্ছে। দুজারিক আরও বলেছেন, পূর্ব জেরুজালেমসহ অধিকৃত পশ্চিম তীরে সব ইসরায়েলি বসতি আন্তর্জাতিক আইন ও জাতিসংঘের প্রস্তাবের সুস্পষ্ট লঙ্ঘন এবং এগুলোর কোনও আইনি বৈধতা নেই। আবার ফিলিস্তিনিরা মনে করছেন, এই পদক্ষেপ পশ্চিম তীরকে আনুষ্ঠানিকভাবে সংযুক্ত করার পূর্বাভাস এবং কার্যত বড় অংশ দখলের চেষ্টা। তাদের মতে, এতে জাতিসংঘ সমর্থিত দুই-রাষ্ট্র সমাধান মারাত্মকভাবে ক্ষতিগ্রস্ত হবে। উল্লেখ্য, সম্প্রতি ইসরায়েলি সরকার পশ্চিম তীরের ফিলিস্তিনি জমি 'রাষ্ট্রীয় সম্পত্তি' হিসেবে নিবন্ধনের একটি প্রস্তাব অনুমোদন দিয়েছে। দেশটির রাষ্ট্রীয় সংবাদমাধ্যম জানিয়েছে, অর্থমন্ত্রী বেজালেল স্মোট্রিচ, বিচারমন্ত্রী ইয়ারিভ লেভিন এবং প্রতিরক্ষামন্ত্রী ইসরায়েল কাটজ এই প্রস্তাব উত্থাপন করেন।

তারেক রহমানকে শুভেচ্ছা জানিয়ে

পার্লামেন্টের নিম্নকক্ষ লোকসভার স্পিকার ওম বিরলা। ওম বিরলা গতকাল সন্ধ্যায় তারেক রহমানের সঙ্গে সৌজন্য সাক্ষাতের পর তাঁর ভেরিফায়েড এক্স হ্যান্ডলে এ তথ্য জানান। পোস্টে তিনি বৈঠকের কয়েকটি ছবিও দিয়েছেন। চিঠিতে প্রধানমন্ত্রী হিসেবে বাংলাদেশ সরকারের দায়িত্ব গ্রহণের জন্য শুভেচ্ছা জানিয়েছেন ভারতের প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি। পাশাপাশি সুবিধাজনক দ্রুততম সময়ের মধ্যে ভারত সফরেরও আমন্ত্রণ জানিয়েছেন তিনি। এক্স পোস্টে ওম বিরলা লিখেছেন, 'বাংলাদেশের প্রধানমন্ত্রীর সঙ্গে একটি গঠনমূলক বৈঠক এইমাত্র শেষ করেছি। আমি ভারতের প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদির পক্ষ থেকে পাঠানো একটি ব্যক্তিগত চিঠি তাঁর কাছে হস্তান্তর করেছি। চিঠিতে প্রধানমন্ত্রী মোদি শুভেচ্ছা জানিয়েছেন এবং সুবিধাজনক দ্রুততম সময়ের মধ্যে তাঁকে ভারত সফরের আমন্ত্রণ জানিয়েছেন।' ভারতের লোকসভার স্পিকার পোস্টে আরও লিখেছেন, 'ভারতের জনগণের পক্ষ থেকে আন্তরিক অভিনন্দন জানিয়ে আমি আমাদের দুই প্রতিবেশী দেশের মধ্যকার দীর্ঘস্থায়ী অংশীদারত্ব আরও গভীর করার প্রতিশ্রুতি পুনর্ব্যক্ত করেছি।'

তারেক রহমান ও মন্ত্রী পরিষদকে

অনুকুল পরিবেশে দেশে প্রত্যাবর্তনের পরই তার মাতৃবিয়োগ ঘটে। ইতোমধ্যে নির্বাচনী দামামা বেজে উঠেছিল। তিনি শোককে বুকে চেপে সর্বশক্তি নিয়োগ করেন মানুষের কর্ণকুহরে তার দেশ গঠনের পরিকল্পনার কথা পৌঁছাতে। অবশেষে তিনি তার পিতা শহীদ রাষ্ট্রপতি জিয়াউর রহমান এবং মাতা তিনবারের প্রধানমন্ত্রী মরহুমা খালেদা জিয়ার মতই জনগণের ভালবাসায় সিক্ত হয়ে নিরংকুশ সংখ্যাগরিষ্ঠতা লাভ করে দেশের শাসনভার লাভ করেছেন। শপথ নিয়েছেন প্রধানমন্ত্রী হিসেবে। আমি তাকে এ শুভ লগ্নে অভিনন্দিত করে স্মরণ করিয়ে দিতে চাই আপনাকে ও আপনার দল বিএনপিকে এদেশের হক্কানী পীর-মাশায়েখ ও ওলামায়ে কেরামগণ ইসলাম ও মুসলমানদের জন্য তথাকথিত মডার্ন ইসলামের ধজাধারীদের মোকাবেলায় ইমান ও আক্বীদা সংরক্ষণের রক্ষা কবচ হিসেবে বেছে নিয়েছেন। এ দেশের মানুষ এখনো পীর ওলীদের দিক নির্দেশনা মোতাবেক তাদের জীবন ও কর্ম পরিচালনা করে থাকে। তাইতো তারা নিঃস্বার্থ ভাবে ভোট দিয়ে জয়যুক্ত করেছেন। আমি দোয়া করি, আপনার পথচলা কুসুমাস্তীর্ণ থেকে। দেশীয় পরিমন্ডলের গন্ডি পেরিয়ে আপনি মুসলিম বিশ্বের অবিসংবাদিত নেতায় পরিনত হন। মানব সেবা হোক আপনার ব্রত। মদীনার সনদ হোক আপনার দিশারী। ন্যায় ও ইনসাফ হোক আপনার ভূষণ। দেশপ্রেম হোক আপনার মূলমন্ত্র। আল্লাহ আপনার সহায় হোন। আশাকরি ধর্মীয় যেকোন সিদ্ধান্তের ক্ষেত্রে আপনি সুবিজ্ঞ ওলামায়ে কেরামের মতামত নিতে ভুলবেন না। নির্ভীকচিত্তে আপনি এগিয়ে চলুন সম্মুখ পানে। ইনশাআল্লাহ এ দেশের স্বস্তিকামী হক্কানী আলেম সমাজ আপনার পাশে থাকবে।

নগরীর ২৯ নং ওয়ার্ডের দক্ষিণ বাঘিয়ায় মাদরাসাতুল ওয়াফি মাদ্রাসার বার্ষিক ক্রীড়া প্রতিযোগিতা অনুষ্ঠানে উপস্থিত অতিথিবৃন্দ -কীর্তনখোলা

বরিশাল ব্রজমোহন কলেজের জীবনানন্দ চত্বরে 'উত্তরণ' সাংস্কৃতিক সংগঠনের উদ্যোগে 'স্মরণে জীবনানন্দ' শীর্ষক স্মরণানুষ্ঠানের আয়োজন করা হয়। -কীর্তনখোলা

পিরোজপুরে ২ জনকে কুপিয়ে

এলাকায় মহিউদ্দিন ও তার ভাতিজা নিপুকে কুপিয়ে জখম করে দুর্বৃত্তরা। আহত মহিউদ্দিন মল্লিক নাসির পিরোজপুর সদর উপজেলার সংকরপাশা গ্রামের বাসিন্দা ও উপজেলা বিএনপির সাবেক আহ্বায়ক। তার ভাতিজা রিয়াজ উদ্দিন মল্লিক নিপুও একই গ্রামের বাসিন্দা। পুলিশ ও স্থানীয় সূত্রে জানা যায়, রবিবার রাতে কয়েকটি মোটরসাইকেলে করে একদল দুর্বৃত্ত পাড়েরহাট এলাকায় এসে ধারালো অস্ত্র নিয়ে অতর্কিত হামলা চালায়। এতে নাসির মল্লিক ও নিপু গুরুতর আহত হন। তাদের শরীরের বিভিন্ন স্থানে আঘাত লাগে। স্থানীয়রা তাদের উদ্ধার করে প্রথমে পিরোজপুর জেলা হাসপাতালে নিয়ে যান। সেখানে প্রাথমিক চিকিৎসা শেষে উন্নত চিকিৎসার জন্য তাদের খুলনা মেডিক্যাল কলেজ হাসপাতালে পাঠানো হয়। পরে নাসির মল্লিকের শারীরিক অবস্থার অবনতি হলে এয়ার অ্যাম্বুল্যান্সে তাকে ঢাকায় নেওয়া হয়। পিরোজপুর সদর থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) মো. মাহমুদ হাসান বলেন, এ ঘটনায় জড়িত সন্দেহে তাকরিম মোল্লা নামের একজনকে হেফাজতে নিয়েছে ডিবি পুলিশ। বাকি জড়িতদের শনাক্তে কাজ চলছে।

ঝালকাঠিতে ভূমি জরিপ কর্মকর্তাদের

করছে। দপদিয়া এলাকার শহিদুল ইসলাম বলেন, জরিপ কাজে নিয়োজিত সার্ভেয়ার জনি মোল্লা আমার কাছে মোটা অঙ্কের টাকা দাবি করেন।আমি টাকা দিতে রাজি হইনি এরজন্য আমাকে হয়রানি করেছে। অবসরপ্রাপ্ত শিক্ষা কর্মকর্তা শাহাবুদ্দিন বখতিয়ার অভিযোগ করে বলেন, 'ফ্যাসিস্ট আমলে এরকম ঘুষ বানিজ্য চলেছে। এখন নতুন বাংলাদেশে এটা কাম্য না। আমরা এরকম সার্ভেয়ারদের অপসারণ চাই। অভিযোগের বিষয়ে জানতে চাইলে সার্ভেয়ার জনি মোল্লাকে একাধিকবার ফোন দিলে রিসিভ না করায় কোন কোন মন্তব্য পাওয়া যায়নি।

বরিশালে দুই শ্রমিকনেতাকে

কারখানা থেকে বের হন। এ ঘটনায় কারখানার ব্যবস্থাপক বিধান মণ্ডল ট্রেড ইউনিয়নের সভাপতি, সহসভাপতি, সাধারণ সম্পাদক ও সহসাধারণ সম্পাদকদের নামে কারণ দর্শানোর (শোকজ) নোটিশ জারি করেন। পরে বিষয়টি আঞ্চলিক শ্রম দপ্তরের মধ্যস্থতায় গত ৭ জানুয়ারি ত্রিপক্ষীয় বৈঠকের মাধ্যমে লিখিতভাবে নিষ্পত্তি করা হয়। এরপরও ব্যবস্থাপক বিধান মণ্ডল তাঁর দেওয়া শোকজ নোটিশের ভিত্তিতে তদন্ত কমিটি গঠন করেন এবং একটি নামকাওয়াস্তে তদন্ত পরিচালনা করেন। তদন্ত কমিটিতে থাকা সাক্ষীরা কেউ সই না করলেও বিধান মণ্ডল একতরফাভাবে তদন্ত প্রতিবেদন চূড়ান্ত করেন এবং ১৪ ফেব্রুয়ারি রাতে ট্রেড ইউনিয়নের সাধারণ সম্পাদক মোশারফ হোসেন ও সহসাধারণ সম্পাদক খুকু মণিকে বরখাস্তের কথা মৌখিকভাবে জানান। বক্তারা বলেন, এরপর ১৫ ফেব্রুয়ারি সকালে ট্রেড ইউনিয়নের সাধারণ সম্পাদক ও সহসাধারণ সম্পাদককে কারখানার গেটে ঢুকতে না দেওয়ায় শ্রমিকেরা কারখানায় প্রবেশে আপত্তি জানান এবং ওই দিন থেকে অবস্থান কর্মসূচি চালিয়ে যাচ্ছেন। সমাবেশে বরিশাল জেলা বাসদের সমন্বয়ক মনীষা চক্রবর্তী বলেন, সোনারগাঁও টেক্সটাইলের শ্রমিকেরা দীর্ঘদিন ধরে মালিকের নির্যাতন সহ্য করে আসছেন। ২০২৪ সালে শ্রমিকদের জন্য মজুরি স্কেল ঘোষিত হলেও তা আজও বাস্তবায়িত হয়নি। শ্রম আইন অনুযায়ী, কর্মঘণ্টা ৮ ঘণ্টা হলেও শ্রমিকেরা এখানে ১২ ঘণ্টা কাজ করেন। ট্রেড ইউনিয়ন গঠনের পর এই নির্যাতনের মাত্রা আরও বেড়ে গেছে। বিজয় দিবসে ফুল দিতে প্রচলিত রীতি অনুযায়ী শ্রমিকেরা বের হয়েছিলেন। কিন্তু এই তুচ্ছ ঘটনাকে কেন্দ্র করে সাধারণ সম্পাদক ও সহসাধারণ সম্পাদককে অন্যায়ভাবে ছাঁটাই করা হয়েছে। মনীষা আরও বলেন, 'ট্রেড ইউনিয়ন করা শ্রমিকদের সাংবিধানিক অধিকার। সেই অধিকারকে পদদলিত করে মিল কর্তৃপক্ষ একের পর এক অন্যায় সিদ্ধান্ত নিয়ে যাচ্ছে। এই অন্যায় ও অমানবিক সিদ্ধান্ত আমরা কিছুতেই মানতে পারি না। আমরা দ্ব্যর্থহীনভাবে বলেত চাই, অবিলম্বে ছাঁটাই আদেশ প্রত্যাহার ও সব প্রতিষ্ঠানে অবাধ ট্রেড ইউনিয়ন অধিকার নিশ্চিত না করা হলে আরও কঠোর আন্দোলনের মাধ্যমে শ্রমিকদের দাবি আদায়ে বাধ্য করা হবে।' সমাজতান্ত্রিক শ্রমিক ফ্রন্ট বরিশাল জেলার শাখার ক্রীড়া সম্পাদক গাজী মোহাম্মদ বেল্লাল হোসেনের সভাপতিত্বে সমাবেশে বক্তব্য দেন সমাজতান্ত্রিক শ্রমিক ফ্রন্ট কেন্দ্রীয় কমিটির সহসাধারণ সম্পাদক ইমাম হোসেন, বরিশাল জেলা শাখার দপ্তর সম্পাদক শহিদুল ইসলাম, বরিশাল রিকশা-ভ্যান চালক-শ্রমিক ইউনিয়নের সাংগঠনিক সম্পাদক শহিদুল শেখ, সোনারগাঁও টেক্সটাইল শ্রমিক ইউনিয়নের সহসভাপতি ইমরান হোসেন এবং সমাজতান্ত্রিক ছাত্র ফ্রন্ট বরিশাল মহানগর শাখার আহ্বায়ক সুজন আহমেদ। সোনারগাঁও টেক্সটাইলের দুই শ্রমিকনেতাকে ছাঁটাইয়ের প্রতিবাদে গত রোববার থেকে কর্মবিরতি শুরু করেন শ্রমিকেরা। পরে ওই দিন বিকেলে শ্রমিকেরা রূপাতলী এলাকায় কারখানার মূল ফটকের সামনে বরিশাল-কুয়াকাটা মহাসড়ক অবরোধ করে প্রায় দেড় ঘণ্টা বিক্ষোভ করেন। সোমবারও সারা দিন তাঁরা কর্মবিরতি অব্যাহত রাখেন। বিকেলে সেনাবাহিনীর সদস্যরা শ্রমিকদের সঙ্গে কথা বলে কর্মবিরতি প্রত্যাহারের আহ্বান জানালেও তাঁরা তাতে অস্বীকৃতি জানান। এরপর সেনাবাহিনী শ্রমিক ও মালিকপক্ষকে নিয়ে বৈঠক করলেও বিষয়টির সমাধান হয়নি।

ভাণ্ডারিয়া সরকারি নিষেধাজ্ঞা

অংশ বন্ধ রেখে পিছনে দরজা কেটে লোহার রড, ইট, বালু, খোয়া দিয়ে স্থায়ী ভবন ভবনের নির্মান কাজ চলমান রেখেছে। এসময় সেখানে উপস্থিত মানিক মেম্বরের ছেলে সিফাতের সাথে আলাপকালে তিনি (সিফাত) আমাদের ঘরে আমরা কাজ করছি। ঠিক একই ভাবে ঐ ঘরের একটু সামনে আরো একটি ঘর অনুরূপ ভাবে স্থানীয় মুদি ব্যবসায়ী এনায়েত হাওলাদার কাজ করছে। তবে এনায়েতের দোকান ঘরের দুই পাশেও একই ভাবে লাল নিশান টাঙানো হলে সে (এনায়েত) ঐ লাল নিশান খুলে ফেলে পাকা ঘর নির্মান কাজ চলমান রেখেছে। যা সরকারের নিষেধাজ্ঞা উপেক্ষা বরং সরকারকে বৃদ্ধাঙ্গুলি দেখিয়ে কাজ করছে। যা এলাকার মানুষের মাঝে চাঞ্চলের সৃষ্টি করেছে। এসময় অনেকেক বলতে শোনা যায় এদের খুটির জোর কোথায় ? এব্যাপারে ঐ ইউনিয়নের দ্বায়িত্বপ্রাপ্ত তহসিলদার প্রদ্যোত মন্ডলের কাছে জানতে চাইলে সে এ প্রতিনিধিকে জানান, আমাদের পক্ষ থেকে ওখানে লাল নিশান টাঙানো হয়েছে। ঘর তোলার বিষয়টিও আমাদের কাছে স্'ানীয়রা মৌখিক ভাবে জানিয়েছে। এ বিষয়ে উপজেলা সহকারী কমিশনার ভূমি(এসিল্যান্ড)এর সাথে আলাপ করে আগামী দুই, এক দিনের মধ্যে আইনগত ব্যাবস্থা নেয়া হবে। অন্য দিকে এই মানিক মেম্বর ও এনায়েত হোসেনের বিরুদ্ধে স্থানীয় প্রভাব খাটিয়ে ভূমি দখলের অভিযোগ আছে। তা ছাড়া ঐ পৃথক দুটি ঘরের সামনে স্থানীয় সরকার কতৃপক্ষ লাল নিশান টাঙনানো হলেও তার তোয়াক্কা না করে পাকা ঘর নির্মানের দুঃসাহস কোথায় পায় তা নিয়ে চলছে ব্যাপক আলোচনা-সমালোচনা।

আগৈলঝাড়ায় কৃষক প্রশিক্ষণ

আরও বক্তব্য রাখেন, বরিশাল কৃষি সম্প্রসারন অধিদপ্তরের অতিরিক্ত উপ-পরিচালক মো. শহিদুল ইসলাম, মো. মামুনুর রহমান, পার্টনার প্রকল্পের মনিটারিং অফিসার মো. রিয়াজ উদ্দিন, কৃষি সম্প্রসারন কর্মকর্তা হাফছা বিনতে হারুনসহ প্রমুখ। প্রধান অতিথির বক্তব্যে বরিশাল কৃষি সম্প্রসারন অধিদপ্তরের উপ-পরিচালক মোসাম্মৎ মরিয়ম বলেন, আধুনিক ও বৈজ্ঞানিক কৃষি পদ্ধতি অনুসরণ করলে একদিকে কৃষকরা আর্থিকভাবে লাভবান হবেন, অন্যদিকে ভোক্তাদের জন্য নিরাপদ খাদ্য নিশ্চিত করা সম্ভব হবে। পার্টনার প্রকল্পের মনিটারিং অফিসার মো. রিয়াজ উদ্দিন প্রশিক্ষণার্থীদের মডিউলের বিভিন্ন কারিগরি দিক ও বাস্তব প্রয়োগ সম্পর্কে বিস্তারিত ধারণা দেন। উপজেলা কৃষি কর্মকর্তা মো. ইছা বলেন, আধুনিক প্রযুক্তির সঠিক ব্যবহারের মাধ্যমেই ফসলের গুণগত মান আন্তর্জাতিক পর্যায়ে উন্নীত করা সম্ভব। তিনি স্থানীয় কৃষকদের রপ্তানিযোগ্য কৃষি পণ্য উৎপাদনে আগ্রহী হওয়ার আহ্বান জানান। প্রশিক্ষণ শেষে অংশগ্রহণকারী ৬০ জন কৃষক-কৃষাণীদের মাঝে সনদপত্র বিতরণ করা হয়।

রমজান উপলক্ষে আল-আকসা প্রাঙ্গণে হাজারো পুলিশ মোতায়েন ইসরায়েলের

কীর্তনখোলা ডেস্ক

মুসলিমদের কাছে তৃতীয় সর্বোচ্চ পবিত্র স্থান ফিলিস্তিনের 'আল-আকসা' মসজিদ। আসন্ন পবিত্র রমজান মাসে এই আল-আকসা মসজিদে মুসল্লিদের নামাজ আদায় করা উপলক্ষে মসজিদে প্রবেশে কড়া বিধিনিষেধ আরোপ করা হয়েছে। মসজিদ প্রাঙ্গণে কয়েক হাজার নিরাপত্তা বাহিনী মোতায়েনের ঘোষণা দিয়েছে দখলদার ইসরায়েল। ১৯৬৭ সালের ছয়দিনের আরব-ইসরায়েল যুদ্ধে পূর্ব জেরুজালেম দখল করা হয় এবং পরে একে সংযুক্ত করে। প্রতি বছর রমজান মাসে হাজার হাজার ফিলিস্তিনি এখানে নামাজ আদায় করতে সমবেত হলেও তা বেশ কয়েক বছর ধরে বহুলাংশে কমিয়ে দিয়েছে ইসরায়েল। জেরুজালেম পুলিশের জ্যেষ্ঠ কর্মকর্তা আরাদ ব্রাভারম্যান জানান, রমজানজুড়ে দিন-রাত আল-আকসা প্রাঙ্গণ ও আশপাশের এলাকায় নিরাপত্তা বাহিনী মোতায়েন থাকবে। ইহুদিদের কাছে এই স্থানটি 'টেম্পল মাউন্ট' নামে পরিচিত। বিশেষ করে জুমার নামাজে বিপুলসংখ্যক মুসল্লি সমবেত হওয়ায় ওই দিনগুলোতে হাজারো পুলিশ সদস্য দায়িত্ব পালন করবেন। ব্রাভারম্যান বলেন, অধিকৃত পশ্চিম তীর থেকে জেরুজালেমে প্রবেশের জন্য ১০ হাজার ফিলিস্তিনিকে বিশেষ অনুমতিপত্র দেওয়ার সুপারিশ করেছে পুলিশ। তবে বয়সসীমা আরোপ করা হবে কি না সে বিষয়ে চূড়ান্ত সিদ্ধান্ত নেবে ইসরায়েল সরকার। অন্যদিকে ফিলিস্তিনি জেরুজালেম গভর্নর এক বিবৃতিতে জানিয়েছে, গত বছরের মতো এবারও ৫৫ বছরের বেশি পুরুষ ও ৫০ বছরের বেশি নারীদের জন্যই অনুমতি সীমিত রাখা হবে বলে তাদের জানানো হয়েছে। এর আগে তুরস্কভিত্তিক বার্তা সংস্থা 'আনাদোলু এজেন্সি'-কে দেওয়া এক সাক্ষাৎকারে সাবেক গ্র্যান্ড মুফতি শায়খ ইকরিম সাবরি জানিয়েছেন, এরই মধ্যে তরুণদেরকে মসজিদে প্রবেশে নিষেধাজ্ঞা দেওয়া হয়েছে এবং দখলকৃত পশ্চিম তীর থেকে আগত মুসল্লিদের জন্য রমজানে কোনো বিধিনিষেধ শিথিল করা হবে না বলে জানানো হয়েছে। ফলে আগের বছরের তুলনায় মুসল্লির সংখ্যা কমে যেতে পারে।

উৎসবমুখর নির্বাচন দিয়ে যেতে পেরে অনেক সন্তুষ্ট: স্বরাষ্ট্র উপদেষ্টা

কীর্তনখোলা ডেস্ক

বিদায়ী অন্তর্বর্তী সরকারের স্বরাষ্ট্র উপদেষ্টা লেফটেন্যান্ট জেনারেল (অব.) জাহাঙ্গীর আলম চৌধুরী বলেছেন, অবাধ, সুষ্ঠু, বিশ্বাসযোগ্য ও উৎসবমুখর নির্বাচন দিয়ে যেতে পেরে তিনি অনেক সন্তুষ্ট। মঙ্গলবার (১৭ ফেব্রুয়ারি) বিদায়ী সংবর্ধনা শেষে সাংবাদিকদের সঙ্গে আলাপকালে উপদেষ্টা এ কথা বলেন। সংসদ নির্বাচন শান্তিপূর্ণ হওয়ায় সংশ্লিষ্ট সবার প্রতি কৃতজ্ঞতা জানিয়ে তিনি দাবি করেন, স্বরাষ্ট্র মন্ত্রণালয় এখন অনেক স্থিতিশীল। গত দেড় বছরে এ মন্ত্রণালয়ে কী ধরনের দুর্বলতা ছিল- জানতে চাইলে জাহাঙ্গীর আলম বলেন, 'আমার বড় সন্তুষ্টি, আমি যে পরিস্থিতিতে দায়িত্ব নিয়েছিলাম, একটা ভঙ্গুর অবস্থায় ছিল, এখন স্থিতিশীল অবস্থায় রেখে যেতে পারছি। এটা আমার কাছে সবচেয়ে বেশি ভালো লাগছে।' পরবর্তী স্বরাষ্ট্রমন্ত্রীর জন্য কী ধরনের চ্যালেঞ্জ রেখে যাচ্ছেন- এমন প্রশ্নের জবাবে তিনি বলেন, 'তার জন্য শুধু আমার দোয়া। আমরা যতটুকু রেখে গেছি, উনি উত্তরোত্তর আরও ভালো করবেন। উনার জন্য শুভকামনা, উনি আরও ভালো করবেন।' নির্বাচনে আইনশৃঙ্খলা রক্ষায় নিয়োজিত সদস্যদের প্রতি কৃতজ্ঞতা জানিয়ে জাহাঙ্গীর আলম বলেন, 'তারা অসাধারণ কাজ করেছে। অনেক প্রশ্ন ছিল যে নির্বাচন হবে কি হবে না, আইনশৃঙ্খলা পরিস্থিতি কেমন হবে। কিন্তু আল্লাহর ইচ্ছায়, সবার সহযোগিতায় নির্বাচন শান্তিপূর্ণ, গ্রহণযোগ্য হয়েছে। কোথাও কোনো বড় ধরনের সন্ত্রাসের ঘটনা ঘটেনি।' তবে সিলেটের কুলাউড়ায় ব্যালট বাক্স ছিনতাইয়ের ঘটনার কথা তুলে ধরে তিনি বলেন, 'সেখানে একটা ঘটনা ঘটেছিল, তবে সঙ্গে সঙ্গে তা উদ্ধার হয়েছে।' তিনি আরও বলেন, 'পাসপোর্টে পুলিশি ছাড়পত্র উঠিয়ে দেওয়ার ব্যবস্থা করা হয়েছে। এতে কিছুটা স্বস্তি এসেছে, তবে পুরোটা স্বস্তি এসেছে তা আমি বলবো না।' দেড় বছরে সবকিছু করে যাওয়া সম্ভব নয় বলে মন্তব্য করেন উপদেষ্টা।

দৈনিক কীর্তনখোলা
আত্মপ্রত্যয়ী প্রতিদিন
বরিশাল ॥ বুধবার ॥ ১৮ ফেব্রুয়ারি ২০২৬ ॥ ০৫ ফাল্গুন ১৪৩২

তারেক রহমানকে শুভেচ্ছা জানিয়ে ভারত সফরের আমন্ত্রণ মোদির

কীর্তনখোলা ডেস্ক
নবনির্বাচিত প্রধানমন্ত্রী তারেক রহমানকে শুভেচ্ছা জানিয়ে তাঁকে ভারত সফরের আমন্ত্রণ জানিয়েছেন দেশটির প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি। আজ মঙ্গলবার মোদির পাঠানো এ-সংক্রান্ত একটি চিঠি তারেকের হাতে তুলে দিয়েছেন ভারতের ৩ এর পাতায় দেখুন

পশ্চিম তীরে ইসরায়েলের 'ভূমি দখল' আন্তর্জাতিক আইনের সুস্পষ্ট লঙ্ঘন

কীর্তনখোলা ডেস্ক
ফিলিস্তিনের অধিকৃত পশ্চিম তীরের কিছু এলাকা 'রাষ্ট্রীয় সম্পত্তি' হিসেবে ঘোষণা করার ইসরায়েলের সিদ্ধান্তকে আন্তর্জাতিক আইনের সুস্পষ্ট লঙ্ঘন বলে মন্তব্য করেছেন জাতিসংঘ মহাসচিব অ্যান্টোনিও গুতেরেস। সোমবার এক ৩ এর পাতায় দেখুন

বরিশাল অঞ্চলে জলাভূমিতে 'হাঁস প্রকল্পে' অনিয়মের শঙ্কা

কীর্তনখোলা ডেস্ক
বরিশাল বিভাগের নদী-বিধৌত ও জলাভূমি এলাকায় জলবায়ু সহিষ্ণু হাঁস পালন সম্প্রসারণে প্রায় ২১ কোটি টাকার একটি প্রকল্প গ্রহণের উদ্যোগ নেওয়া হলেও এতে একাধিক ত্রুটি ও অস্পষ্টতা চিহ্নিত করেছে পরিকল্পনা কমিশন। অর্থায়নের অনিশ্চয়তা, ব্যয়ের অসামঞ্জস্য, প্রশিক্ষণ ও কার্যক্রমের অস্পষ্ট পরিকল্পনাসহ বিভিন্ন বিষয়ে আপত্তি তুলে ধরা হয়েছে। পরিকল্পনা কমিশনের কৃষি, পানিসম্পদ ও পল্লী প্রতিষ্ঠান বিভাগ সূত্রে জানা গেছে, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়ের আওতাধীন প্রাণিসম্পদ অধিদফতর প্রস্তাবিত 'বরিশাল বিভাগের নদী-বিধৌত অঞ্চলে ও জলাভূমিতে জলবায়ু সহিষ্ণু হাঁস পালন সম্প্রসারণ' শীর্ষক প্রকল্পটির মোট ব্যয় ধরা হয়েছে ২০ কোটি ৭৮ লাখ ৮০ হাজার টাকা। এটি ২০২৫২৬ অর্থবছরের বার্ষিক উন্নয়ন কর্মসূচিতে অননুমোদিত নতুন প্রকল্প হিসেবে অন্তর্ভুক্ত রয়েছে। প্রকল্পটি বাস্তবায়নের দায়িত্বে থাকবে ৩ এর পাতায় দেখুন

বরিশালে আওয়ামী লীগের অফিসে ছাত্রলীগের ব্যানার

কীর্তনখোলা রিপোর্ট
বরিশাল মহানগর ও জেলা আওয়ামী লীগের কার্যালয়ে শেখ হাসিনা আসবে বাংলাদেশ হাসবে স্লোগান সংবলিত ব্যানার টাঙানো হয়েছে। নগরীর বিবির পুকুর পাড়ে বরিশাল জেলা ও মহানগর আওয়ামী লীগের কার্যালয়ে নিষিদ্ধ সংগঠন বরিশাল জেলা ছাত্রলীগের সাংগঠনিক সম্পাদক রাজিব হোসেন খানের অনুসারীরা মঙ্গলবার সকালে ব্যানারটি টানিয়েছে বলে জানা যায়। ব্যানারটিতে স্লোগানের পাশাপাশি শেখ মুজিবুর রহমান, শেখ হাসিনা, সজিব ওয়াজেদ জয়, বরিশাল সিটি করপোরেশনের সাবেক মেয়র সেরনিয়াবাত সাদিক আব্দুল্লাহ ও ছাত্রলীগ নেতা রাজিব হোসেন খানের ছবি ছিল। প্রত্যক্ষদশীরা জানান, সকালে এসে তারা দেখতে পায় রাজিবের অনুসারীরা ব্যানারটি টানিয়েছে। পরে বিক্ষুব্ধ জনতা ব্যানারটিকে ছিড়ে ফেলে। এ বিষয়ে জানতে চাইলে বরিশাল কোতোয়ালি থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা আল মামুন-উল ইসলাম বলেন, এ বিষয়ে কিছু জানা নেই।

দশমিনায় চার সন্তানের জননীর আত্মহত্যা, এলাকায় চাঞ্চল্য

দশমিনা প্রতিনিধি
পটুয়াখালী দশমিনা উপজেলায় তহমিনা(৩৫)নামের এক তিন সন্তানের জননীর গলায় ফাঁস দিয়ে আত্মহত্যার ঘটনা ঘটেছে। সোমবার (১৬ ফেব্রুয়ারি) রাতে উপজেলার আলীপুর ইউনিয়নের ৫ নম্বর ওয়ার্ড পূর্ব আলীপুর গ্রামের নিজ ঘরে এ ঘটনা ঘটে। তহমিনা উপজেলার আলীপুর ইউনিয়নের পূর্ব আলীপুর গ্রামের আলতাফ সরদারের মেয়ে। স্থানী সূত্রে জানা যায়, তহমিনা দীর্ঘ দিন প্রবাসে থাকার পর গত বছর বাড়িতে আসে। প্রবাসে থাকা অবস্থায় গলাচিপা উপজেলার উলানিয়া গ্রামের আমিনুলের সাথে বিবাহ বন্ধনে আবদ্ধ হন ঐ ঘরে এক ছেলে ও এক কন্যা সন্তান থাকা অবস্থায় বিবাহ বিচ্ছেদ হয়। পরে পূনরায় একই এলাকার মোঃ আবদুল কাদেরের সাথে বিবাহ বন্ধনে আবদ্ধ হয়। ঐ সংসারে একটি কন্যা ৩ এর পাতায় দেখুন

নগরীতে শ্রমিকনেতা কামালের পিতা আঃ করিম মৃধার নামাজে জানাযা -কীর্তনখোলা

আগৈলঝাড়ায় কৃষক প্রশিক্ষণ কর্মশালা

আগৈলঝাড়া প্রতিনিধি
বরিশালের আগৈলঝাড়ায় নিরাপদ ও মানসম্মত কৃষি পণ্য উৎপাদনের লক্ষ্যে "প্রোগ্রাম অন এগ্রিকালচারাল অ্যান্ড রুরাল ট্রান্সফরমেশন ফর নিউট্রিশন, এন্টারপ্রেনারশিপ অ্যান্ড রেজিলিয়েন্স ইন বাংলাদেশ" (পার্টনার) প্রকল্পের আওতায় কৃষকদের জন্য দিনব্যাপী প্রশিক্ষণ কর্মশালা অনুষ্ঠিত হয়েছে। উপজেলা কৃষি অফিসের আয়োজনে গতকাল মঙ্গলবার উপজেলা কৃষি অফিসের হলরুমে সকাল থেকে বিকাল পর্যন্ত এ প্রশিক্ষণ অনুষ্ঠিত হয়। উপজেলা কৃষি কর্মকর্তা মো. ইছা এর সভাপতিত্বে প্রধান অতিথির বক্তব্য রাখেন, বরিশাল কৃষি সম্প্রসারন অধিদপ্তরের উপ-পরিচালক মোসাম্মৎ মরিয়ম। এসময় ৩ এর পাতায় দেখুন

ভাণ্ডারিয়া সরকারি নিষেধাজ্ঞা উপেক্ষা করে পাকা ঘর নির্মাণ

ভাণ্ডারিয়া প্রতিনিধি
পিরোজপুরের ভাণ্ডারিয়া উপজেলার ৭নং গৌরীপুর ইউনিয়নের ৯নং ওয়ার্ড মালিয়ার হাট বাজারে সরকারি সম্পত্তি একসনা (ডিসিআর) বন্দোবস্ত নিয়ে তাতে পাকাঘর নির্মানের অভিযোগ পাওয়া গেছে। সোমবার (১৬ ফেব্রুয়ারি)সরেজমিনে গিয়ে এ ঘটনার সত্যতা পাওয়া যায়। ঘটনাস্থল স্'নীয় মালিয়ারহাট বাজার ভায়া সাতানি সড়কের মালিয়ারহাট বাজারবিজ্রে সংলগ্ন স্থানে একটি টিনসেট ঘরের দুই পাশে স্থানীয় সরকারের তহসিল অফিস থেকে লাল নিশান টাঙানো থাকলেও স্থানীয় জনৈক মানিক মেম্বরের ছেলে, রড সিমেন্টের ব্যাবসায়ী মো. সিফাত ঐ টিন সেট ঘরের সামনের ৩ এর পাতায় দেখুন

ভাষা সৈনিক শহীদ আলতাফ মাহমুদ স্মৃতি ধরে রাখার উদ্যোগ

কীর্তনখোলা রিপোর্ট
মহান ভাষা আন্দোলনের অগ্রসৈনিক, বরিশালের কৃতি সন্তান, প্রখ্যাত সুরকার ও গীতিকার শহীদ আলতাফ মাহমুদের স্মৃতি সংরক্ষণ এবং তাঁর অবদান নতুন প্রজন্মের কাছে পৌঁছে দেওয়ার লক্ষ্যে বরিশালের বিভিন্ন শ্রেণি-পেশার সচেতন নাগরিকদের উদ্যোগে "শহীদ আলতাফ মাহমুদ স্মৃতি সংসদ" গঠন করা হয়েছে। সোমবার (১৬ ফেব্রুয়ারি) বরিশাল প্রেসক্লাব সংলগ্ন দৈনিক আজকের সময়ের বার্তা কার্যালয়ে এক সভার মাধ্যমে আনুষ্ঠানিকভাবে সংগঠনটির ৩১ সদস্যবিশিষ্ট আহ্বায়ক কমিটি ঘোষণা করা হয়। গঠিত কমিটিতে বরেণ্য শিক্ষাবিদ ও কথাসাহিত্যিক বেগম ফয়জুন নাহার ৩ এর পাতায় দেখুন

নগরীতে শ্রমিকনেতা কামালের পিতার দাফন সম্পন্ন

কীর্তনখোলা রিপোর্ট
বাংলাদেশ শ্রমিক কল্যাণ ফেডারেশন বরিশাল মহানগর কমিটির এসিস্ট্যান্ট সেক্রেটারি ও সংবাদপত্র কর্মচারী কল্যাণ পরিষদের প্রতিষ্ঠাতা সভাপতি মাহমুদুল হাসান কামালের পিতা আঃ করিম মৃধা ইন্তেকাল ৩ এর পাতায় দেখুন

নিখোঁজের ১৭ দিন পর নদীতে মিললো ট্রলার মালিকের লাশ

বরগুনা প্রতিনিধি
বরগুনায় নিখোঁজের ১৭ দিন পর নদী থেকে গোলাম মোস্তফা শিকদার (৭৯) নামে এক ট্রলার মালিকের মরদেহ উদ্ধার করেছে পুলিশ। তিনি বরগুনা পৌর শহরের গ্রীন রোড নামক এলাকার বাসিন্দা ছিলেন। মঙ্গলবার (১৭ ফেব্রুয়ারি) সকাল ১০টার দিকে সদর উপজেলার

নলটোনা নামক এলাকার বিষখালী নদীর তীর থেকে মরদেহটি উদ্ধার করা হয়। পুলিশ ও স্বজন সূত্রে জানা যায়, গত ৩১ জানুয়ারি রাতে বিষখালী নদীতে একটি ছোট মাছ ধরার ট্রলার নিয়ে বের হন গোলাম মোস্তফা শিকদার। তিনি প্রায় সময়ই শখের বসে নদীতে মাছ ধরতেন। তবে ওইদিন রাতে বের হয়ে তিনি আর বাড়িতে ফিরে আসেননি। পরে স্বজন ও স্থানীয় জেলেরা বিভিন্ন জায়গায় খোঁজাখুঁজি করে পরেরদিন সকালে মাছ ধরার নৌকাটি এবং জাল পেলেও সন্ধান মেলেনি মোস্তফা শিকদারের। পরবর্তীতে ৩ এর পাতায় দেখুন

বরিশালে দুই শ্রমিকনেতাকে ছাঁটাইয়ে বিক্ষোভ অব্যাহত

কীর্তনখোলা রিপোর্ট
সোনারগাঁও টেক্সটাইলের দুই শ্রমিকনেতার ছাঁটাইয়ের আদেশ প্রত্যাহারের দাবিতে বরিশালে তৃতীয় দিনের মতো বিক্ষোভ সমাবেশ হয়েছে। গতকাল মঙ্গলবার দুপুরে সমাজতান্ত্রিক শ্রমিক ফ্রন্টের উদ্যোগে নগরের সদর রোডের অশ্বিনীকুমার হলের সামনে এ সমাবেশ হয়। এতে বিভিন্ন কলকারখানার শ্রমিকেরা যোগ দেন। সমাবেশ শেষে একটি মিছিল নগরের গুরুত্বপূর্ণ সড়ক প্রদক্ষিণ করে। সমাবেশে বক্তারা বলেন, গত ১৬ ডিসেম্বর বিজয় দিবসে স্মৃতিসৌধে শ্রদ্ধাঞ্জলি জানানোর জন্য ১২ ঘণ্টার পরিবর্তে প্রতিবছরের মতো ১০ ঘণ্টা কাজ করে সকাল ৭টায় ইউনিয়নের নেতারা ৩ এর পাতায় দেখুন

যুবলীগের নেতাকে কুপিয়ে হত্যার ঘটনায় মামলা

চরফ্যাশন প্রতিনিধি
ভোলার চরফ্যাশন উপজেলার যুবলীগ নেতা আবদুর রহিম হত্যার ঘটনায় মামলা হয়েছে। রহিমের স্ত্রী বিবি ফাতেমা সোমবার চরফ্যাশন উপজেলার শশীভূষণ থানায় একটি হত্যা মামলা করেন। এর আগে গত শনিবার রাত ১০টার দিকে চরফ্যাশনের রসুলপুর ইউনিয়নের ৫ নম্বর ওয়ার্ডের কলেরহাট রাস্তার মাথায় আবদুর রহিমকে কুপিয়ে হত্যার ঘটনা ঘটে। তিনি রসুলপুর ইউনিয়নের ৩ এর পাতায় দেখুন

পিরোজপুরে ২ জনকে কুপিয়ে জখমের ঘটনায় আটক ১

পিরোজপুর প্রতিনিধি
পিরোজপুরে সদর উপজেলা বিএনপির সাবেক আহ্বায়ক মহিউদ্দিন মল্লিক নাসির ও তার ভাতিজা রিয়াজ উদ্দিন মল্লিক নিপুকে কুপিয়ে জখম করেছে দুর্বৃত্তরা। এ ঘটনায় জড়িত সন্দেহে সদর উপজেলার বাদুরা গ্রামের বাসিন্দা মাওলানা সাইফুলের মোল্লা ছেলে তাকরিম মোল্লাকে (২৫) আটক করেছে পুলিশ। মঙ্গলবার (১৭ ফেব্রুয়ারি) দুপুরে স্থানীয় লোকজন তাকরিম মোল্লাকে আটক করে গণপিটুনি দেয় এবং তার মোটরসাইকেলে আগুন ধরিয়ে দেয়। পরে পুলিশের গোয়েন্দা শাখা (ডিবি) তাকে উদ্ধার করে। এর আগে গত ১৫ ফেব্রুয়ারি রাত সাড়ে ১১টার দিকে পিরোজপুরের ইন্দুরকানী উপজেলার পাড়েরহাট বাসস্ট্যান্ড-সংলগ্ন ৩ এর পাতায় দেখুন

উজিরপুরে কাভার্ড ভ্যান চাপায় নিহত-১

উজিরপুর প্রতিনিধি
বরিশাল-ঢাকা মহাসড়কের উজিরপুর উপজেলায় কাভার্ড ভ্যানের চাপায় এক ব্যক্তি নিহত হয়েছেন। এ ঘটনায় ব্যাটারিচালিত ভ্যানের চালক আহত হয়েছেন। মঙ্গলবার সকালে উপজেলার সানুহার এলাকায় এ দুর্ঘটনা ঘটে। নিহত মোস্তফা হাওলাদার (৩৮) উপজেলার বাহেরঘাট এলাকার মৃত আদম আলীর ছেলে। আহত লিংকন সিকদার জল্লা এলাকার মাইনুদ্দিন সিকদারের ছেলে। তাকে উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে ভর্তি করা হয়েছে। গৌরনদী মহাসড়ক ৩ এর পাতায় দেখুন

ঝালকাঠিতে ভূমি জরিপ কর্মকর্তাদের দুর্নীতির বিরুদ্ধে মানববন্ধন

ঝালকাঠি প্রতিনিধি
ঝালকাঠির নলছিটি উপজেলায় ভূমি জরিপের কর্মকর্তাদের অনিয়ম ও ঘুষ-দুর্নীতির প্রতিবাদে মানববন্ধন ও বিক্ষোভ করেছেন স্থানীয় ভুক্তভোগী ও এলাকাবাসী। মঙ্গলবার (১৬ ফেব্রুয়ারি) নলছিটি উপজেলার দপদপিয়া ইউনিয়নের বরিশাল-পটুয়াখালী মহাসড়কের চৌমাথা এলাকায় এ কর্মসূচি পালন করা হয়। মানববন্ধনে বক্তারা বলেন, ডিজিটাল পদ্ধতির ভূমি জরিপের আওতায় নলছিটি উপজেলা দপদপিয়া ইউনিয়নের ১২৯ চর দপদপিয়া মৌজায় কর্মরত কর্মকর্তাদের ব্যাপক অনিয়ম ও ঘুষ, দুর্নীতির মাধ্যমে সাধারণ মানুষ হয়রানির শিকার হচ্ছেন। জরিপের কাজে সংশ্লিষ্টরা প্রতি শতাংশ জমিতে ৩ থেকে ৫ হাজার টাকা দাবি ৩ এর পাতায় দেখুন

তারেক রহমান ও মন্ত্রীপরিষদকে ছারছীনা পীরের অভিনন্দন

ছারছীনা প্রতিনিধি
শরীফের পীর ছাহেব কেবলা ও বাংলাদেশ জমইয়াতে হিযবুল্লাহর আমীর আলহাজ্ব হয়রত মাওলানা শাহ্ আবু নছর নেছারুদ্দীন আহমদ হুসাইন বাংলাদেশের নতুন প্রধানমন্ত্রী হিসেবে শপথ নেয়ায় জননেতা জনাব তারেক রহমান ও মন্ত্রীপরিষদের সদস্যবৃন্দদেরকে অভিনন্দন জানিয়েছেন। তিনি তার অভিনন্দন বার্তায় বলেন, রাজনৈতিক প্রতিহিংসার স্বীকার হয়ে জননেতা জনাব তারেক রহমান দীর্ঘ নির্বাসিত জীবন শেষে ৩ এর পাতায় দেখুন

শত শত শিক্ষকের শিক্ষক, দক্ষিণ বাংলার প্রখ্যাত বাংলা ভাষাপণ্ডিত ও ব্যাকরণবিদ বরিশাল সরকারি ব্রজমোহন কলেজ, বাংলা বিভাগের সাবেক বিভাগীয় প্রধান এবং বাংলাদেশ মাদ্রাসা শিক্ষাবোর্ডের সাবেক পরীক্ষা নিয়ন্ত্রক
অধ্যক্ষ আ. খা. মো. আবদুর রব স্যারের লেখা
উচ্চ মাধ্যমিক ও সমমান শ্রেণির
বাংলা ব্যাকরণ ও নির্মিতি
বইটি অনন্য
বইটি প্রশ্নোত্তরের ভিত্তিতে রচিত, তাই উচ্চ মাধ্যমিক শ্রেণির শিক্ষার্থীদের অধিক নম্বর প্রাপ্তিতে সহায়ক
সম্পাদনা করেছেন: বরিশাল মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষাবোর্ডের বাংলা ২য়পত্র বিষয়ের প্রধান পরীক্ষক, সরকারি আগৈলঝাড়া কলেজের বাংলা প্রভাষক কবি, গবেষক ও সৃজনশীল গ্রন্থ প্রণেতা
পথিক মোস্তফা (এমফিল, ইবি)
বই পাওয়ার জন্য যোগাযোগ করুন:
01718246162, 01712189338, 01712926836
গদ্য প্রকাশন, বরিশাল
বরিশাল নগরীর যেসব স্থানে বইটি পাওয়া যাচ্ছে

বুক ভিলা, সদর রোড, বরিশাল, 01932-314219	ইসলামিয়া লাইব্রেরি, প্যারারোড, সদর রোড, বরিশাল, 01711-264963	অংকুর লাইব্রেরি, সদর রোড, বরিশাল, 01708-868515	অংকুর লাইব্রেরি, সদর রোড, বরিশাল, 01708-868514
খন্দকার লাইব্রেরি, সদর রোড, বরিশাল, 01711-047767	নিউ মাহবুব লাইব্রেরি, সদর রোড, বরিশাল, 01763-107720	রহমান বুক হাউজ, প্যারারোড, সদর রোড, বরিশাল, 01718-670945	মজুমদার লাইব্রেরি, অমৃত লাল দে কলেজের সামনে, বরিশাল, 01716-139268
অমৃত লাইব্রেরি, অমৃত লাল দে কলেজের পাশে, বরিশাল, 01719-408049	নিউ কলেজ লাইব্রেরি, বি.এম কলেজের সামনে, 01726-074663	হক লাইব্রেরি, বি.এম কলেজ মসজিদ গেটের পশ্চিম পাশে, 01724-851658	আশরাফিয়া লাইব্রেরি, বি.এম কলেজ মসজিদ গেট, 01717-488083

মাদকাসক্তি ও মানসিক
রোগীদের সর্বাধুনিক চিকিৎসা এখন বরিশালে
দি নিউ লাইফ
মহিলা রোগীদের জন্য পৃথক ওয়ার্ড
যোগাযোগ: ১নং সিএন্ডবি পুল (কাজীপাড়া সংলগ্ন), বরিশাল।
০১৭১৩-৯৫০৯৪১
০১৭১৩-১৬৯৮২৮

অধ্যাপক ডাঃ সৈয়দ জাহিদ হোসেন
এম.বি.বি.এস; এফ.সি.পি.এস. ফেলো ডব্লিউ. এইচ.ও (অস্ট্রেলিয়া)
অধ্যক্ষ ও অধ্যাপক (বিভাগীয় প্রধান), শিশু বিভাগ (এক্স)
শের-ই-বাংলা মেডিকেল কলেজ ও হাসপাতাল, বরিশাল।
নবজাতক, শিশু ও কিশোর রোগ বিশেষজ্ঞ
চেম্বার: এ্যাপোলো ডায়াগনস্টিক কমপ্লেক্স, শের-ই-বাংলা মেডিকেল কলেজ এর সামনে বাঁধ রোড, বরিশাল। রোগী দেখার সময়: প্রতিদিন সকাল ১০টা থেকে দুপুর ২টা। সিরিয়ালের জন্য: ০১৭১৪-০৬৭৮৮৬, ০১৭০৬-৩৫৪৯৭৫
চেম্বার: মেডিনোভা মেডিকেল সার্ভিসেস লিঃ, কে.বি হেমায়েত উদ্দিন রোড (গির্জামহল্লা), বরিশাল। রোগী দেখার সময়: প্রতিদিন বিকাল ৪টা থেকে রাত ১০টা। সিরিয়ালের জন্য: ০১৭৫২-১৩৪৪৩৮, ০১৭১১-২৪০৯৬৯
বাসা: বসুন্ধরা হাউজিং, রূপাতলী, বরিশাল

নিরাপদ ভ্রমন আমাদের অঙ্গীকার
পালকি এক্সপ্রেস
Palki Express
ভাণ্ডারিয়া-পিরোজপুর
নাজিরপুর-গোপালগঞ্জ
ঢাকা-গুলিস্তান
শ্যামলী- কল্যাণপুর
মিরপুর-কালশী-কচুক্ষেত
পরিচালনায়ঃ মোঃ বেল্লাল মল্লিক
সার্বিক তত্বাবধানেঃ মোঃ হেলাল উদ্দিন মল্লিক
ভাণ্ডারিয়া কাউন্টারঃ
01321-183180, 01771-486723

প্রধান সম্পাদক: মো: ফিরোজ আহম্মেদ মোল্লা, ভারপ্রাপ্ত সম্পাদক: মিতা মোস্তফা, সহযোগী সম্পাদক: আল হাফিজ, নির্বাহী সম্পাদক: এম জামান, প্রকাশক: কাজী মিরাজ মাহমুদ কর্তৃক মায়ের দোয়া অফসেট প্রিন্টিং প্রেস, হাসপাতাল রোড, বরিশাল থেকে মুদ্রিত ও বার্তা কার্যালয় ঃ সৌরভ লজ, গোড়াচাঁদ দাস রোড, বরিশাল-৮২০০। মোবাঃ ০১৭১২-৯২৬৮৩৬, E-Mail: dailykirtonkhola@gmail.com